# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 18, 1433 Bangla, May 01, 2026, Friday, No. 118, 56th year

# H I G H L I G H T S

The historic May Day is being observed in country as elsewhere the globe - PM Tarique Rahman says, workers & professionals are the main driving force behind the development & progress of any country. [R. Today: 19]

Government is committed to ensuring that people of all faiths can live in peace & security- said the PM while exchanging greetings with leaders of Buddhist community on occasion of Buddha Purnima. [R. Today: 19]

Information and Broadcasting Minister has stated that Bangladeshi nationalism embodies pluralistic and diverse politics. [R. Today: 20]

Health Minister has said all children in the country will be brought under measles vaccination coverage within the next week. [BBC: 03]

The Jamaat-led 11-party alliance has announced a series of rallies across 7 divisional cities demanding implementation of the referendum verdict, culminating in a grand rally in Dhaka. [BBC: 03]

Biman Bangladesh Airlines has signed an agreement with US aircraft manufacturer Boeing to purchase 14 aircraft, the largest order in the national flag carrier's history. [BBC: 04]

Myanmar's armed rebel group "Arakan Army" has allegedly picked up 7 Bangladeshi fishermen from the Naf River adjacent to Sabrang Nayapara and Shahparir Island in Teknaf Upazila of Cox's Bazar. [R. Today: 21]

Bangladesh Meteorological Department has forecast heavy to very heavy rainfall across 6 divisions over the next 48 hours, raising concerns about possible landslides in hilly areas. [Jago FM: 14]

Iran's Supreme Leader Mojtaba Khamenei has said, a new chapter for the Gulf & Strait of Hormuz has been taking shape since the Iran war with the United States & Israel broke out on February 28. [BBC: 11]

Israel has been accused of stopping a flotilla carrying aid for the people of Gaza. [BBC: 10]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১৮, বাংলা ১৪৩৩, মে ০১, ২০২৬, শুক্রবার, নং- ১১৮, ৫৬তম বছর**

# শিরোনাম

সারা বিশ্বের সাথে বাংলাদেশেও আজ পালিত হচ্ছে মহান মে দিবস। দিবসটি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, শ্রমজীবী-কর্মজীবী মানুষই যেকোনো দেশের উন্নয়ন, সমৃদ্ধি আর অগ্রযাত্রার প্রধান অবলম্বন।
[রে. টুডে: ১৯]

ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের প্রতিটি মানুষ যাতে শান্তি ও নিরাপত্তার সঙ্গে বসবাস করতে পারে, এমন পরিবেশ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর- বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে বললেন প্রধানমন্ত্রী।
[রে. টুডে: ১৯]

বাংলাদেশি জাতীয়তাবাদ একটি বহুত্ববাদী ও বৈচিত্র্যময় রাজনীতির কথা বলে--- মন্তব্য তথ্য ও সম্প্রচার মন্ত্রীর।
[রে. টুডে: ২০]

আগামী এক সপ্তাহে শতভাগ শিশু হামের টিকার আওতায় চলে আসবে – জানালেন স্বাস্থ্যমন্ত্রী। [বিবিসি: ০৩]

গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে বিভাগীয় সমাবেশ ও ঢাকায় মহাসমাবেশের ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট। [বিবিসি: ০৩]

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স মার্কিন উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের কাছ থেকে ১৪টি নতুন ও অত্যাধুনিক উড়োজাহাজ কেনার আনুষ্ঠানিক চুক্তি সই করেছে। [বিবিসি: ০৪]

কক্সবাজারের টেকনাফ উপজেলার সাবরাং নয়াপাড়া ও শাহপরীর দ্বীপ সংলগ্ন নাফ নদী থেকে সাতজন জেলেকে ধরে নিয়ে গেছে মিয়ানমারের সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি। [রে. টুডে: ২১]

দেশের ছয় বিভাগে ভারী থেকে অতি ভারী বর্ষণের আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। অতিভারী বৃষ্টির কারণে চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকায় ভূমিধসের ঝুঁকি রয়েছে। [জাগো এফএম: ১৪]

ইরানের সঙ্গে গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর থেকে পারস্য উপসাগর ও হরমুজ প্রণালিতে একটি নতুন অধ্যায় রচিত হচ্ছে বলে মন্তব্য করেছেন ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি।
[বিবিসি: ১১]

গাজার মানুষের জন্য ত্রাণসামগ্রী বহনকারী একটি নৌবহরকে থামিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে ইসরায়েলের বিরুদ্ধে। [বিবিসি: ১০]

# বিবিসি

## চট্টগ্রামের জলাবদ্ধতা নিয়ে অপপ্রচার হয়েছে : স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

চট্টগ্রাম মহানগর পানির ওপর ভাসছে- সংবাদ মাধ্যম ও সামাজিক মাধ্যমে এমন প্রচার করা হয়েছে উল্লেখ করে একে 'ভিত্তিহীন' বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। বৃহস্পতিবার সংসদ অধিবেশনে তিনি এ মন্তব্য করেন। মি. আলম জানান, বুধ এবং বৃহস্পতিবার তিনি চট্টগ্রাম ঘুরে এসেছেন। "চার পাঁচটি জায়গায় জলজট তৈরি হয়েছে, জলাবদ্ধতা নয়,„ বলেন প্রতিমন্ত্রী। জলাবদ্ধতার খবরে প্রধানমন্ত্রীর দুঃখ প্রকাশে নগরবাসী খুশি হয়েছে বলেও জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## এক সপ্তাহের মধ্যে শতভাগ শিশু হামের টিকার আওতায় আসবে : স্বাস্থ্যমন্ত্রী

আগামী এক সপ্তাহে শতভাগ শিশু হামের টিকার আওতায় চলে আসবে বলে জানিয়েছেন, স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বৃহস্পতিবার সকালে এক অনুষ্ঠানে তিনি এই কথা জানিয়েছেন বলে রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের খবরে উল্লেখ করা হয়েছে। খবরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীকে উদ্ধৃত করে বলা হয়েছে, "লক্ষ্যমাত্রার ৬১ শতাংশ আমরা কাভার করে নিয়েছি। আগামী এক সপ্তাহে শতভাগ শিশু হামের টিকার আওতায় চলে আসবে।„ "এরই মধ্যে অনেক জায়গায় শতভাগ হয়ে গেছে। হামের টিকা কার্যক্রম শুরু করা প্রথম ৩০টি উপজেলায় এখন একটাও হামের রোগী নাই," যোগ করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## রাজাকার-আলবদর 'ভেরি ডেড ইস্যু': সংসদে তাহের

সংসদের বিরোধী দলীয় উপনেতা এবং জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, সংসদে যে রাজাকার-আলবদরের কথা উঠছে, সেটি 'ভেরি ডেড ইস্যু' বা 'খুব পুরোনো বিষয়'। ত্রয়োদশ সংসদের প্রথম অধিবেশনের শেষ কার্যদিবসে তিনি এ কথা বলেন। এখন যারা জামায়াতের নেতৃত্বে আছেন, তারা কেউ রাজাকার বা আলবদর ছিলেন না, দাবি করেন মি. তাহের। একাত্তরে ভারতে যাওয়া শরণার্থীদের সহায়তা করেছেন জানিয়ে মি. তাহের নিজেকে 'শিশু মুক্তিযোদ্ধা' বলেও উল্লেখ করেন।
(বিবিসি ওয়্রব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## আগামী দুই বছর কঠিন হবে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশের জন্য আগামী দুই বছর কঠিন হবে। বৃহস্পতিবার জাতীয় সংসদে এ কথা বলেন তিনি। "অনেকগুলো সিদ্ধান্ত নিতে হবে, অনেক পদক্ষেপ নেবো যেগুলো জনপ্রিয় নাও হতে পারে,„ বলেন মি. মাহমুদ। যোগ করেন, "কঠিন অবস্থা থেকে বের হতে গেলে অনেক কঠিন সিদ্ধান্ত নিতে হবে।„ এসব প্রচেষ্টায় বিরোধী দলের সহযোগিতা চান তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে জামায়াত-এনসিপিসহ ১১ দলের কর্মসূচি

গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে বিভাগীয় সমাবেশ ও ঢাকায় মহাসমাবেশের ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট। তারা জানিয়েছে, ১৬ই মে রাজশাহীতে প্রথম বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হবে। বাকি ছয় বিভাগে সমাবেশ হবে ঈদুল আজহার পরে। ঘোষণা অনুযায়ী, ১৩ জুন চট্টগ্রামে, ২০ জুন খুলনায়, ২৭ জুন ময়মনসিংহে, ১১ জুলাই রংপুরে, ১৮ জুলাই বরিশালে এবং ২৫ জুলাই সিলেটে সমাবেশ করবে ১১ দল। এরপর অক্টোবরের দিকে ঢাকায় মহাসমাবেশ করার ঘোষণা দিয়েছে জোটটি। বৃহস্পতিবার জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে জোটের লিয়াঁজো কমিটির বৈঠক শেষে এই কর্মসূচি ঘোষণা করেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তিনি জানান, কর্মসূচি থেকে গণভোটের রায় বাস্তবায়নের পাশাপাশি, জ্বালানি সংকট নিয়ন্ত্রণসহ জনদুর্ভোগ কমানোর দাবিও তোলা হবে।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## রাজনৈতিক কারণে দায়ের ২৩ হাজারের বেশি মামলা প্রত্যাহার : সংসদে আইনমন্ত্রী

বিএনপি সরকার রাজনৈতিক কারণে দায়ের করা হয়রানিমূলক মোট ২৩ হাজার ৮৬৫টি মামলা প্রত্যাহার করেছে বলে সংসদে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। আরো মামলা প্রত্যাহারের কার্যক্রম চলছে বলেও জানিয়েছেন তিনি। পাবনা-৩ আসনের বিরোধী দলের (জামায়াতে ইসলামী) সদস্য মুহাম্মাদ আলী আছগারের এক প্রশ্নের লিখিত উত্তরে আইনমন্ত্রী এই তথ্য জানান। মামলা দায়েরের সময় এজাহারে অভিযুক্তের দলীয় পরিচয় উল্লেখ থাকে না- জানিয়ে মন্ত্রী বলেন, এর ফলে সারা দেশে বিএনপি-জামায়াতের নেতা-কর্মীদের বিরুদ্ধে কতগুলো হয়রানিমূলক ও মিথ্যা মামলা দায়ের করা হয়েছে, তার সঠিক পরিসংখ্যান নিরূপণ করা সম্ভব নয় এবং এ সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্য সরকারের কাছে নেই। তবে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের তথ্যমতে, ২০০৭ সাল থেকে ২০২৫

সালের ১১ জানুয়ারি পর্যন্ত বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে মোট এক লাখ ৪২ হাজার ৯৮৩টি মিথ্যা ও হয়রানিমূলক মামলা দায়ের করা হয়েছে বলে তিনি জানান।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## সাবেক সেনা কর্মকর্তা ও এমপি মাসুদ উদ্দিন চৌধুরীর আরও চারদিনের রিমান্ড

সাবেক সংসদ সদস্য অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীর চারদিনের রিমান্ড মঞ্জুর করেছেন ঢাকার একটি আদালত। বার্তা সংস্থা বাসস জানিয়েছে, তিনদিনের রিমান্ড শেষে বৃহস্পতিবার তাকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে পুলিশ। এরপর মামলার সুষ্ঠু তদন্তের জন্য তাকে দ্বিতীয় দফায় চারদিনের রিমান্ডে নেওয়ার আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা। শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মনজুরুল ইসলাম তার চার দিনের রিমান্ড মঞ্জুর করেন। ২০২৪ সালের জুলাই আন্দোলনের সময় ঢাকার মিরপুরে দেলোয়ার হোসেন নামে এক ব্যক্তিকে গুলি করে হত্যার অভিযোগে করা মামলায় এ রিমান্ড দেওয়া হলো।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## জুলাই গণ-অভ্যুত্থানের পর হত্যা, গুম, নির্যাতনের ১৮৫৫ মামলা দায়ের : আইনমন্ত্রী

বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান জানিয়েছেন, বিগত সরকারের আমলে সংঘটিত হত্যা, গুম ও নির্যাতনের ঘটনায় জুলাই গণ-অভ্যুত্থানের পর দেশের বিভিন্ন জেলার থানায় মোট এক হাজার ৮৫৫টি মামলা দায়ের করা হয়েছে। এসব মামলার মধ্যে ৭৯৯টি হত্যা মামলা এবং অন্যান্য ধারায় এক হাজার ৫৬টি মামলা রুজু হয়েছে বলে জানান তিনি। মন্ত্রী বলেন, প্রতিটি মামলায় যথাযথ সাক্ষ্য-প্রমাণ সংগ্রহ এবং আইনি প্রক্রিয়া অনুসরণ করে তদন্ত করা হচ্ছে, যাতে বিচারপ্রক্রিয়ায় কোনো আইনি দুর্বলতা না থাকে। আর জামিন প্রসঙ্গে তিনি জানান, এটা প্রদান সম্পূর্ণরূপে আদালতের এখতিয়ারভুক্ত। তবে রাষ্ট্রপক্ষের আইনজীবীরা প্রতিটি মামলায় যুক্তি উপস্থাপনের মাধ্যমে আসামিদের জামিনের বিরোধিতা করছেন।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## পেট্রোলের লাইন আর নাই, লোডশেডিংও কমে গেছে : সংসদে জ্বালানিমন্ত্রী

বাংলাদেশে জ্বালানি ও বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হয়েছে বলে জানিয়েছেন জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। বৃহস্পতিবার জাতীয় সংসদে বক্তৃতায় এ বিষয়ে জানান তিনি। জ্বালানি নিয়ে বিরোধী দলীয় নেতা শফিকুর রহমানের সাম্প্রতিক বক্তব্যের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, "পেট্রোলের লাইন আর নাই, লোডশেডিংও কমে গেছে।„ উদ্ভূত পরিস্থিতিতে জ্বালানি বিষয়ক যে বিশেষ কমিটি করা হয়েছে, আগামী রোববার তারা বৈঠকে বসবে বলেও জানান ইকবাল হাসান মাহমুদ টুকু।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## নির্বাচনের স্বার্থে তখন অনেক কথা বলিনি : সালাহউদ্দিন আহমদ

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, "আমাদের একটা তাগাদা ছিল যে, এরা সংস্কারের বাহানায় যদি নির্বাচনটা না হতে দেয়, সেজন্য আমরা সব কিছুতে আপোশ করে জুলাই জাতীয় সনদেও স্বাক্ষর করেছি, একত্রিত হয়েছি, সমঝোতা হয়েছে।„ বৃহস্পতিবার রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে সালাহউদ্দিন আহমদ বলেন, `সংস্কারের নামে, নির্বাচন ঠেকানোর আশঙ্কা থেকেই তাদের ওই অবস্থান নিতে হয়েছে। তিনি আরও বলেন, "নির্বাচনের স্বার্থে আমরা অনেক কথা বলি নাই। বিএনপি এবং আমাদের সাথে যারা আছে, আমরা কেউ জুলাই জাতীয় সনদের বাইরে অন্য কিছু মানতে রাজি না।„ জুলাই জাতীয় সনদ নিয়ে বিরোধীদের বক্তব্যের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিএনপি সনদ থেকে সরে যায়নি, বরং সেটাকেই `আঁকড়ে, আছে।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## একাত্তর আমাদের পরিচয়, এ নিয়ে কথা বলতেই হবে : মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংসদে বলেছেন, বাংলাদেশের মানুষের পরিচয় একাত্তর, এ নিয়ে বারবার কথা বলতেই হবে। বৃহস্পতিবার সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল এ কথা বলেন। মির্জা ফখরুল বলেন, "পাকিস্তানের বিরুদ্ধে সত্যিকার অর্থে স্বাধীন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আমরা লড়াই করেছি।" তিনি বলেন, "সেই একাত্তরকে নিয়ে যদি কেউ কটাক্ষ করে, সেই একাত্তরকে যদি খাটো করার চেষ্টা করে, তখন সেটা আমাদের পক্ষে মেনে নেওয়া কঠিন হয়। সেই জন্যই আমার সহকর্মী সালাহউদ্দিন সাহেব যেটা বলেছেন, একাত্তর নিয়ে কথা আমাদের বলতেই হবে।„ "কারণ এটা আমাদের অস্তিত্ব, এটা আমাদের `আইডেন্টিফিকেশন,, এটা আমাদের `আইডেন্টি,। আমি বারবার একটা কথা বলছি, একাত্তর হচ্ছে আমাদের পরিচয়। এজনই আমরা এ কথাটা বারবার বলি।„
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## মার্কিন বোয়িংয়ের সাথে বাংলাদেশ বিমানের ১৪ টি উড়োজাহাজ কেনার চুক্তি

যুক্তরাষ্ট্রভিত্তিক উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের কাছ থেকে ১৪টি উড়োজাহাজ কিনবে বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। বৃহস্পতিবার এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করেছে দুই প্রতিষ্ঠান। বিমান বাংলাদেশের

এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, যে ১৪টি উড়োজাহাজ কেনা হবে, তার মধ্যে ১০টি ৭৮৭ ড্রিমলাইনার মডেলের। আর চারটি ৭৩৭ ম্যাক্স মডেলের উড়োজাহাজ। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিমান পরিবহণমন্ত্রী আফরোজা খানম ও পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান, বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও কাইজার সোহেল আহমেদ বলেন, ”জ্বালানি-সাশ্রয়ী ও প্রযুক্তিগতভাবে উন্নত এই নতুন উড়োজাহাজগুলো বিমানের বহরের আধুনিকায়ন ঘটাবে।„ ট্রাম্পের শুল্কের চাপ কমাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমানোর উদ্যোগের অংশ হিসেবে বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে বোয়িংয়ের বিমান কেনার আলোচনা সামনে আসে। (বিবিসি ওয়েব পেজঃ ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## বিএনপি সরকার কি যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি বাতিল করতে পারবে?

বাংলাদেশের বিগত অন্তর্বর্তী সরকারের সময় যুক্তরাষ্ট্রের সঙ্গে করা বাণিজ্য চুক্তি ঘিরে বিতর্ক এবং এটি বাতিলের দাবি আবারও সামনে এসেছে। যদিও বিএনপি সরকার চুক্তিটি বাতিল করবে না বলেই এই সরকারের সংশ্লিষ্ট সূত্রগুলো ধারণা দিচ্ছে। কিছু রাজনৈতিক দল ও নাগরিক অধিকার নিয়ে আন্দোলনকারী অনেকে এই চুক্তিকে যুক্তরাষ্ট্রের স্বার্থে 'একপক্ষীয়' বা 'অসম' বলে অভিযোগ করছে এবং তারা এটি বাতিলের দাবিতে কর্মসূচিও নিয়েছে। ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনের তিন আগে অন্তর্বর্তী সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তিটি সই করে, তখনও এ নিয়ে সমালোচনা হয়। 'অত্যন্ত গোপনীয়তার' সাথে চুক্তিটি করা হয়েছে বলেও অভিযোগ আছে। বিশ্লেষকেরা বলছেন, যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে যখন চুক্তির বিষয়বস্তু প্রকাশ করা হয়েছে, তখনই কেবল বিষয়গুলো জানা গেছে। যদিও বিগত অন্তর্বর্তী সরকারের সংশ্লিষ্টরা গোপনীয়তার অভিযোগ অস্বীকার করছেন। প্রশ্ন হচ্ছে, এখন নির্বাচিত বিএনপির রাজনৈতিক সরকারের অবস্থান আসলে কী হবে? চুক্তি বিরোধীরা মনে করেন, সরকার চাইলে জাতীয় সংসদে আলোচনা-পর্যালোচনা করে চুক্তির ব্যাপারে অবস্থান নিতে পারে। এটি সরকারের রাজনৈতিক সিদ্ধান্তের বিষয়।

### অবস্থান কী বিএনপি সরকারের

যুক্তরাষ্ট্রের সঙ্গে এই বাণিজ্য চুক্তি নিয়ে অন্তর্বর্তী সরকারের সময়ে আলোচনা এবং শেষ পর্যন্ত স্বাক্ষর করা- এই পুরো প্রক্রিয়ায় নেতৃত্বে ছিলেন ড. খলিলুর রহমান। তিনি ওই সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ছিলেন। বিশ্লেষকদের পাশাপাশি রাজনীতিকদেরও কেউ কেউ বলছেন, খলিলুর রহমানকে পররাষ্ট্রমন্ত্রী করার পেছনেই একটি বার্তা রয়েছে যে, যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তির ধারাবাহিকতা অব্যাহত থাকবে। বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে খলিলুর রহমান যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের মুখোমুখি হয়েছিলেন গত ৪ মার্চ। তার উত্তর ছিল, এই চুক্তিতে প্রধান দুই দল বিএনপি ও জামায়াতে ইসলামীর সম্মতি ছিল। তিনি বলেছিলেন, ”ইউএস ট্রেড রিপ্রেজেন্টেটিভ আমাদের প্রধান দুটি দলের প্রধানের সঙ্গে নির্বাচনের আগেই কথা বলেছেন এবং তারাও এতে সম্মতি দিয়েছিলেন।„ তখন তা অস্বীকার করে জামায়াতের আমির শফিকুর রহমান বলেছিলেন, ওই চুক্তি নিয়ে জামায়াতের সঙ্গে কোনো আলোচনা করা হয়নি। তবে বিষয়টাতে বিএনপির পক্ষ থেকে কোনো বক্তব্য দেওয়া হয়নি। এর মধ্যেও এই সরকারের অবস্থানের ইঙ্গিত রয়েছে বলে বিশ্লেষকেরা বলছেন। এই চুক্তি নিয়ে বিতর্ক যে চলছেই এবং অনেক প্রশ্ন উঠছে, তা বিএনপি সরকার আমলে নিচ্ছে না বলেই মনে হয়। কারণ, চুক্তিটি নিয়ে সরকারে এখনো আনুষ্ঠানিক কোনো আলোচনা হয়নি এবং এমনকি অনানুষ্ঠানিক কোনো আলোচনাও নেই বলে জানা গেছে। বিএনপি সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ের একাধিক নেতার সঙ্গে কথা বলে এমন ধারণাই পাওয়া যায় যে, তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন সরকারের সম্পর্কের উন্নতি এবং ভূ-রাজনীতি বিবেচনায় নিয়েছেন। আর সেই বিবেচনা থেকে সরকার চুক্তিটি বাতিল করবে না।

### চুক্তি বাতিল বা পর্যালোচনার সুযোগ কী আছে

সেই সুযোগ আছে; জাতীয় সংসদে আলোচনা-পর্যালোচনা করে যুক্তরাষ্ট্রকে চুক্তি সংশোধনের প্রস্তাব দেওয়া এবং বাতিল করা যায় বলে দাবি করছেন চুক্তিটির বিরোধী বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও নাগরিক অধিকার নিয়ে আন্দোলনকারীরা। তারা ওই দাবিই তুলেছেন। বুধবার জাতীয় সংসদে স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা পয়েন্ট অব অর্ডারে ফ্লোর নিয়ে বলেছেন, চুক্তিতেই ষাট দিনের মধ্যে তা বাতিলের কথা বলা আছে। তিনি চুক্তি নিয়ে সংসদে আলোচনা করা এবং তা বাতিলের দাবি জানান। চুক্তিতে ষাট দিনের একটা প্রবেশনারি সময়ের কথা বলা আছে। এই সময়ের মধ্যে তা বাতিল করা যায়। এছাড়া, কোনো দেশের সঙ্গে যে কোনো চুক্তি যে-কোনো সময় বাতিল করা যায় বলে বিশ্লেষকেরা বলছেন। যদিও, অতীতে বাংলাদেশের সংসদে আন্তর্জাতিক কোনো চুক্তি নিয়ে আলোচনা করার নজির তেমন নেই। তবে জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগের শাসনের পতনের পর অন্তর্বর্তী সরকারের সময় বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের যে উদ্যোগ নেওয়া হয়, সেই প্রক্রিয়ায় গঠিত জাতীয় ঐকমত্য কমিশন রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করেছিল। তখন আন্তর্জাতিক কোনো চুক্তি জাতীয় সংসদে আলোচনা করার ব্যাপারে বিএনপি-জামায়াতসহ আলোচনায় অংশ নেওয়া দলগুলো একমত হয়েছিল। সেই প্রসঙ্গে টেনে নাগরিক অধিকার নিয়ে আন্দোলনকারী অধ্যাপক আনু মুহাম্মদ বিবিসি বাংলাকে বলেন, সংসদে আলোচনা করে চুক্তি ঘিরে বিতর্ক বা

প্রশ্নগুলোর ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া সরকারের জন্য সহজ হতো। সরকার কি সেই সুযোগ নেবে বা জাতীয় সংসদে আলোচনা করবে? এখন পর্যন্ত এমন কোনো ইঙ্গিত নেই।

সরকারের উচ্চ পর্যায়ের একাধিক সূত্র বলছে, সরকারের কেউ কেউ মনে করেন, চুক্তিটি নিয়ে তাদের সরকারের উচ্চ পর্যায়ে পর্যালোচনা করা প্রয়োজন। তাদের একজন বিবিসি বাংলাকে বলেছেন, পর্যালোচনা করার বিষয়টি তিনি সরকারের শীর্ষ পর্যায়ে তুলে ধরবেন। কিন্তু সরকারের আরেকটি সূত্র বলছে, প্রায় দুই দশক পর বিএনপি ক্ষমতায় এসেছে। আর এই সরকারের বয়স দুই মাসের কিছুটা বেশি। সেই সরকার চুক্তিটির বিপক্ষে অবস্থান নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের টানাপড়েন তৈরি করবে কেন?

**চুক্তি নিয়ে এত বিতর্ক বা আলোচনা কেন?**

এটি সই করার প্রক্রিয়া নিয়ে যেমন সমালোচনা রয়েছে, এর বিষয়বস্তু নিয়েও অনেক প্রশ্ন উঠেছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে গোপন চুক্তি করা হয়েছে, এমন অভিযোগ রয়েছে। কারণ বাংলাদেশের পক্ষ থেকে চুক্তির বিষয়বস্তু প্রকাশ করা হয়নি। বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে চুক্তি নিয়ে যখন আলোচনা চলছিল, সেই আলোচনার বিষয়ও গোপন রাখার অভিযোগ আছে। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকেই চুক্তির বিষয়বস্তু প্রকাশের পর তা নিয়ে অনেক প্রশ্ন উঠেছে, জন্ম দিয়েছে বিতর্কের। অন্যদিকে, দেশে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে গত ১২ ফেব্রুয়ারি। এর মাত্র তিনদিন আগে ৯ ফেব্রুয়ারি অন্তর্বর্তী সরকার চুক্তি সই করেছে। সেটি বিতর্ককে আরও বাড়িয়ে দেয়। যদিও বিগত অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে চুক্তি করার ক্ষেত্রে গোপনীয়তার অভিযোগ অস্বীকার করা হচ্ছে। কিন্তু তাদের বক্তব্য বিতর্ক থামাতে পারেনি। আর চুক্তির বিষয়বস্তু নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের পাশাপাশি অর্থনীতিবিদ, নাগরিক অধিকার নিয়ে আন্দোলনকারীসহ বিভিন্ন মহল প্রশ্ন তুলেছে। তাদের অভিযোগ, এই চুক্তিতে বাংলাদেশের স্বার্থ রক্ষা করা হয়নি। এটি যুক্তরাষ্ট্রের স্বার্থে 'একপক্ষীয়' ও 'অসম' চুক্তি। এমন অভিযোগও এসেছে যে, যুক্তরাষ্ট্রের স্বার্থকে অগ্রাধিকার দিতে গিয়ে চুক্তিতে এমন সব শর্ত রাখা হয়েছে, যা বাংলাদেশের স্বাধীন-সার্বভৌম সিদ্ধান্ত গ্রহণকে বাধাগ্রস্ত করবে। কারণ চুক্তি অনুযায়ী, যুক্তরাষ্ট্রের কাছে জ্বালানি, ১৪টি বোয়িং বিমান কেনা থেকে শুরু করে গম, সয়াবিনসহ বিভিন্ন কৃষিপণ্য বাধ্যতামূলকভাবে আমদানি করতে হবে।

এতে করে আন্তর্জাতিক বাজার থেকে তুলনামূলক কম দামে ও কম সময়ে পণ্য আমদানি থেকে বঞ্চিত হবে বাংলাদেশ। বেসরকারি গবেষণা সংস্থা সিপিডির সিনিয়র ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য বিবিসি বাংলাকে বলেছে, "বাজার অর্থনীতির নিয়ম-নীতি ভঙ্গ করে এই চুক্তি করা হয়েছে।„ চুক্তিটির ক্ষেত্রে পারস্পরিক বাণিজ্যের কথা বলা হলেও, এর মাধ্যমে বাংলাদেশকে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তাব্যবস্থার সঙ্গে জড়িয়ে ফেলা হয়েছে বিশ্লেষকেরা মনে করেন। কারণ, চুক্তি অনুসারে, যুক্তরাষ্ট্র যদি জাতীয় নিরাপত্তা রক্ষায় সীমান্ত বা বাণিজ্যিক ব্যবস্থা নেয়, তাহলে বাংলাদেশকেও তাদের সঙ্গে মিল রেখে 'পরিপূরক বিধিনিষেধ' গ্রহণ করতে হবে। আরও যে বিষয়টি আলোচনা বা বিতর্কের কেন্দ্রে রয়েছে, তা হলো, চুক্তি অনুসারে বাংলাদেশ তৃতীয় কোনো দেশের সঙ্গে এমন কোনো চুক্তিতে যেতে পারবে না, যা যুক্তরাষ্ট্রের স্বার্থের বিরুদ্ধে যায়। এখানে চীন-রাশিয়াকে লক্ষ্য করে এমন শর্ত আনা হয়েছে বলে বিশ্লেষকেরা ধারণা করছেন। এরই মধ্যে এই ধারণার সমর্থনে উদাহরণও তৈরি হয়েছে; যেমন ইরান যুদ্ধের কারণে জ্বালানি তেল সংকটের প্রেক্ষাপটে রাশিয়া থেকে তেল আনার জন্য বাংলাদেশ সরকারকে যুক্তরাষ্ট্রের কাছে অনুমতি চাইতে হয়েছে। মূলত, এই বিষয়গুলো নিয়েই উদ্বেগ প্রকাশ করা হচ্ছে বিভিন্ন মহল থেকে।

বিগত অন্তর্বর্তী সরকারের যারা ওই চুক্তি সই করার প্রক্রিয়ায় সংশ্লিষ্ট ছিলেন, তাদের মধ্যে ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সাবেক উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। তিনি চুক্তিটি স্বাক্ষরের জন্য প্রেক্ষাপট বিবেচনায় নেওয়ার কথা বলছেন। তার বক্তব্য হচ্ছে, যুক্তরাষ্ট্র যখন তাদের ন্যাশনাল ইমারজেন্সি ঘোষণা করে দেশে দেশে বাড়তি শুল্ক আরোপ করছে, তখন সেই শুল্ক কমিয়ে বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের স্বার্থ দেখার বিষয় ছিল। শেখ বশিরউদ্দীন উল্লেখ করেন, ৩৭ শতাংশ শুল্ক দিয়ে বাংলাদেশের রপ্তানি বাণিজ্য টিকিয়ে রাখা যেত না। আর রপ্তানি বাণিজ্য ক্ষতিগ্রস্ত হলে এর সঙ্গে জড়িত প্রায় ১২ লাখ লোক চাকরি হারাতো। "অহেতুক বিভ্রান্তি বা ফ্যাসাদ সৃষ্টি করার আগে এই বিষয়গুলো বিবেচনায় নেওয়া উচিত,„ বলেও বিবিসি বাংলাকে বলেন সাবেক ওই উপদেষ্টা। তবে চুক্তির সঙ্গে সংশ্লিষ্টদের বক্তব্য বা যুক্তি মানুষ কতটা গ্রহণ করছে, সেই প্রশ্ন থেকে যায়।

**বিরোধিতায় রাজপথের কর্মসূচি কেন?**

বামপন্থি কয়েকটি রাজনৈতিক দল ও নাগরিক অধিকার নিয়ে আন্দোলনকারী সংগঠন ৩০ এপ্রিলের মধ্যে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি বাতিলের দাবি জানিয়েছিল। কিন্তু তাদের দাবির ব্যাপারে বিএনপি সরকারের দিক থেকে কোনো সাড়াশব্দ নেই, কোনো বক্তব্যও দেওয়া হয়নি। এমন প্রেক্ষাপটে আন্দোলনকারীরা এখন সমাবেশ-মিছিল-বিক্ষোভ কর্মসূচি নেওয়ার কথা বলছে। তারা চাইছেন, চুক্তি নিয়ে অন্তত সংসদে আলোচনা করা হোক। অর্থনীতিবিদ দেবপ্রিয় ভট্টাচার্য মনে করেন, দেশে দেশে বাড়তি শুল্ক আরোপের চাপ দিয়ে এসব চুক্তি করার করার বিষয়কে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টই অবৈধ ঘোষণা করেছে। সেটিকে যুক্তি হিসেবে এনেও বাংলাদেশ সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করতে

পারে। তিনি এ-ও বলেন, বিএনপি সরকার আসলে রাজনৈতিকভাবে পরিস্থিতিটাকে দেখছে এবং বিবেচনা করছে ভূরাজনৈতিক পরিস্থিতি। সেজন্য তারা চুক্তির বিরোধিতায় যাচ্ছে না। তবে বিএনপি সরকার সংসদে চুক্তি নিয়ে আলোচনা করবে, এখন পর্যন্ত এমন কোনো ইঙ্গিত পাওয়া যাচ্ছে না।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৪.২০২৬ নারগীস)

## 'জঙ্গি তৎপরতা' হঠাৎ কেন আলোচনায়?

বাংলাদেশে 'জঙ্গি তৎপরতার' বিষয়টি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা পরস্পরবিরোধী বক্তব্য দিলেও, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর কিছু পদক্ষেপে ইস্যুটি নতুন করে আলোচনায় এসেছে। কয়েকদিন আগেই পুলিশ সদর দপ্তর এই ইস্যুতে সতর্কতামূলক নির্দেশনা দিয়েছিল, যার ফলে দেশের প্রধান বিমানবন্দরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা জোরদার করতে দেখা গেছে। মঙ্গলবার সাংবাদিকদের সাথে পৃথক দুই অনুষ্ঠানে এই ইস্যুতে কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ দেশে "কোনো জঙ্গি তৎপরতা নেই„ বলে জানালেও, উপদেষ্টা মি. রহমান বলেছেন, "দেশে জঙ্গি রয়েছে,„ তবে সরকার তা "শূন্যের কোটায়„ নামিয়ে আনার চেষ্টা করছে। ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকার পতনের পর জঙ্গিবাদের বিভিন্ন মামলায় অভিযুক্ত অনেকেই জামিনে মুক্তি পেয়েছেন, কারা কর্তৃপক্ষের হিসেবেই এই সংখ্যা তিন শতাধিক। নির্বাচনের পর বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর নতুন করে 'জঙ্গি' ইস্যুটি শুধু সামনেই আসেনি, বরং সরকারের পক্ষ থেকে গুরুত্বপূর্ণ স্থাপনা ও বিমানবন্দরে নিরাপত্তা বাড়ানো হয়েছে। বাংলাদেশ পুলিশের অ্যান্টি-টেরোরিজম ইউনিটের মিডিয়া বিভাগের পুলিশ সুপার মাহফুজুল আলম রাসেল বিবিসি বাংলাকে বলেছেন, এই ধরনের তৎপরতার বিষয়গুলো সামনে আসলেও, এখনই বড়ো কোনো হামলার আশঙ্কা তারা দেখছেন না। বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশে জঙ্গিবাদী বিভিন্ন সংগঠনের তৎপরতা অনেক বছর আগে থেকেই ছিল। অন্তর্বর্তী সরকারের সময় সেটি আরো বেশি মাথাচাড়া দিয়ে ওঠে। তাদের অনেকেই জেল থেকে মুক্তিও পেয়েছে।

জঙ্গিবাদ নিয়ে গবেষণা করেন মানবাধিকার কর্মী নূর খান লিটন। তিনি বিবিসি বাংলাকে বলেছেন, উগ্রবাদ কিংবা জঙ্গিবাদের মধ্যে শব্দগত পার্থক্য থাকলেও, মূল বিষয় একই। রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকেন তারা আর্ন্তজাতিকসহ নানা কারণে সতর্কতার সাথে এসব শব্দ ব্যবহার করেন। কেউ কেউ আবার এটিও মনে করছেন যে, নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর জ্বালানিসহ বেশ কিছু সংকট সামনে আসছে। সেখান থেকে আলোচনা সরাতেই এই ইস্যুটিকে সামনে আনার চেষ্টা করছে।

### পুলিশ সদর দপ্তরের চিঠি

গত বৃহস্পতিবার বাংলাদেশের পুলিশ সদর দপ্তর একটি চিঠি নিয়ে নানা আলোচনা তৈরি হয়। উগ্রবাদীরা বাংলাদেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলা করতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেও সতর্কবার্তা দেওয়া হয়। 'জরুরি/গোপনীয়' উল্লেখ করা ওই চিঠিটি গত বৃহস্পতিবার র‍্যাবসহ পুলিশের বিভিন্ন ইউনিটে পাঠানো হয়েছিল। চিঠিতে বলা হয়েছে, "সম্প্রতি গ্রেফতারকৃত নিষিদ্ধঘোষিত উগ্রবাদী সংগঠনের সদস্য ইসতিয়াক আহম্মেদ ওরফে সামী ওরফে আবু বক্কর ওরফে আবু মোহাম্মদের সাথে চাকরিচ্যুত দুইজন সেনা সদস্যের নিয়মিত যোগাযোগের বিষয়ে তথ্য পাওয়া গেছে। তারা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে (জাতীয় সংসদ, বাংলাদেশ পুলিশ/সেনাবাহিনীর সদস্য অথবা স্থাপনাসমূহ, ধর্মীয় উপাসনালয়, বিনোদন কেন্দ্রসমূহ, শাহবাগ চত্বর) বোমা বিস্ফোরণ, এমনকি দেশীয় ধারালো অস্ত্র কিংবা আগ্নেয়াস্ত্র দিয়ে হামলা করতে পারে মর্মে জানা যায়।" এতে আরও বলা হয়, "এ লক্ষ্যে তারা বিভিন্ন বাহিনীর অস্ত্রাগারে হামলার পরিকল্পনা গ্রহণ করে থাকতে পারে। দেশের সার্বিক নিরাপত্তার জন্য তারা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এমতাবস্থায়, বর্ণিত গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা জোরদারকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়াও, নজরদারি বৃদ্ধিসহ বর্ণিত ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।„ পরে শনিবার একটি সংবাদ সম্মেলনে ঢাকা মহানগর পুলিশের যুগ্ম কমিশনার মুনশী শাহাবুদ্দিন জানান, আইন-শৃঙ্খলা বাহিনী এই বিষয়টি নিয়ে কাজ করছে। পরে গত রোববার পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম বা সিটিটিসি'র একজন পদস্থ কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন, গত দুই মাসে একটি উগ্রবাদী সংগঠনের সাথে জড়িত অন্তত পাঁচজনকে আটক করেছেন তারা, যারা দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলার পরিকল্পনা করছিল।

সিটিটিসির দাবি, এদের একজনের সাথে চাকরিচ্যুত দুইজন সেনা সদস্যের যোগাযোগের তথ্য পেয়েছেন তারা। তবে ওই দুজনকে চিহ্নিত করে এখনো আটক করা যায়নি বলে জানা গেছে। পুলিশ সদর দপ্তরের ওই চিঠিটি সামনে আসার পরই, নতুন সরকারের আমলে প্রথমবারের মতো হঠাৎই জঙ্গি তৎপরতার বিষয়টি নিয়ে নানা আলোচনা ও কিছুটা আতঙ্কও ছড়িয়েছে। পুলিশের অ্যান্টি-টেরোরিজম ইউনিটের মিডিয়া উইংয়ের পুলিশ সুপার মাহফুজুল আলম রাসেল বিবিসি বাংলাকে বলেন, "বিশৃঙ্খল পরিস্থিতি বা তৎপরতা আছে সেটাও যেমন সত্য, তবে এখনই বড়ো কোনো তৎপরতা বা হামলা হতে পারে, সেটি আমরা মনে করছি না।„

### 'অন্তর্বর্তী সময়ে তারা স্বাধীনতা ভোগ করেছেন'

২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত আওয়ামী লীগ সরকারের আমলে বাংলাদেশে নানা ধরনের জঙ্গি তৎপরতার বিষয়গুলো সামনে এসেছিল। এর আগে, বিএনপি সরকারের আমলেও সিরিজ বোমা হামলাসহ জঙ্গি সংগঠনগুলোর নানা কর্মকাণ্ড লক্ষ্য করা গেছে। আওয়ামী লীগ সরকারের আমলে গুলশানের হলি আর্টিজান ছিল অন্যতম বড়ো ঘটনা। ওই ঘটনার পর জঙ্গিবাদ দমনে সরকারের নানা তৎপরতা ও বেশ কিছু অভিযান লক্ষ্য করা গিয়েছিল। ৫ আগস্টের পটপরিবর্তনের পর জঙ্গিবাদের বিভিন্ন মামলায় অভিযুক্ত শত শত ব্যক্তি জামিনে মুক্তি পেয়েছেন। জামিনপ্রাপ্তদের মধ্যে সন্দেহভাজন, বিচারাধীন, এমনকি যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ব্যক্তিও রয়েছেন। গবেষকরা বলছেন, আওয়ামী লীগ কিংবা এর আগের বিএনপির সরকার সব আমলেই বাংলাদেশে জঙ্গিবাদী সংগঠনগুলোর তৎপরতা ছিল। কিন্তু ২০২৪-এর ৫ আগস্ট পরবর্তী সময়ে এই সংগঠনগুলোর তৎপরতা ভিন্নভাবে সামনে এসেছে। গবেষক ও মানবাধিকারকর্মী নুর খান লিটন বিবিসি বাংলাকে বলেন, "অন্তর্বর্তী সরকারের সময় জঙ্গিরা এক ধরনের স্বাধীনতা ভোগ করেছেন, স্বাচ্ছন্দ্যে তাদের কার্যক্রম পরিচালনা করেছেন। অনেক জায়গায় বিক্ষোভ ও কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন। সেখানে তারা কলেমা লেখা কালো পতাকা ব্যবহারও করেছেন। আইডেন্টিটি প্রকাশ করার চেষ্টা করেছেন।„ এ সময় এই ধরনের উগ্র ধর্মীয় গোষ্ঠী তাদের তৎপরতা অনেকটা শক্ত একটা অবস্থায় নিয়ে গেছে বলেও মন্তব্য করেন মি. লিটন। যে কারণে এই গবেষক মনে করেন, বর্তমানে পুলিশের পক্ষ থেকে জঙ্গি হামলা নিয়ে নিয়ে সতর্ক করা হয়েছে, সেটি অমূলক নয়। তার মতে, যে-কোনো সময় এ ধরনের সন্ত্রাসী হামলা বা এই জাতীয় কর্মকাণ্ড পরিচালিত হতে পারে। যদিও এটি নিয়ে কিছুটা ভিন্নমত আছে দেশের নিরাপত্তা বিশ্লেষকদের। তাদের কেউ কেউ মনে করেন, দেশে জঙ্গিবাদী কার্যক্রম বা তৎপরতা যে পরিমাণ রয়েছে, তার চেয়ে আলোচনায় আসছে অনেক বেশি। নিরাপত্তা বিশ্লেষক অবসরপ্রাপ্ত মেজর এমদাদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "এটা হচ্ছে দৃষ্টি ভিন্ন দিকে সরিয়ে নেওয়ার জন্য, এটা একটা ফোকাস। একটা বার্নিং ইস্যুকে ভিন্ন দিকে প্রবাহিত করার জন্য আরেকটা নন বার্নিং ইস্যুকে সামনে নিয়ে আসা হয়। এবারো মনে হয় তাই হচ্ছে।„

**জঙ্গি আছে, নাকি নাই-এ নিয়ে বিতর্ক কেন?**

মঙ্গলবার ঢাকার আগারগাঁওয়ে একটি অনুষ্ঠানে যোগদান শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। এ সময় সাংবাদিকদের প্রশ্ন ছিল জঙ্গি কার্যক্রম নিয়ে। এর জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ বলেন, "আমাদের দেশে এ রকম কোনো তৎপরতা নেই। কিছু এক্সট্রিমিস্ট (উগ্রবাদী) গ্রুপ পৃথিবীর সব দেশেই অ্যাকটিভ থাকে। রেডিক্যাল কিছু ফোর্স থাকে, মৌলবাদী কিছু পলিটিক্যাল পার্টি থাকে। এগুলোতে আমরা ইউজড টু।„ সাংবাদিকের ওই প্রশ্নের প্রসঙ্গ টেনে তিনি আরও বলেন, "আপনি যে শব্দ উচ্চারণ করলেন, আমাদের দেশের বর্তমান কালচারে সেটা এখন আর নাই। আগে সেই শব্দটা উচ্চারিত হতো ফ্যাসিবাদী আমলে। তারা নিজস্ব রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য এগুলোকে হাতিয়ার হিসেবে ব্যবহার করতো। বর্তমানে বাংলাদেশে এগুলোর এক্সিসটেন্স নেই।„ স্বরাষ্ট্রমন্ত্রী জঙ্গি ইস্যুতে এই ধরনের বক্তব্য দিলেও, একই দিনে ভিন্ন কথা বলেছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার তিনি সচিবালয়ে সাংবাদিকদের ব্রিফিং করেন। সে সময় একজন সাংবাদিক প্রশ্ন করেন- অন্তর্বর্তী সরকারের সময়ে আমরা দেখেছি, সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিরা বিভিন্ন সময়ে বলেছেন, দেশে প্রকৃত অর্থে জঙ্গি নেই। এখন প্রশ্ন হলো- সরকার কি সত্যিই মনে করে দেশে জঙ্গি তৎপরতা নেই? সরকারের কাছে কতখানি তথ্য আছে? এই প্রশ্নের উত্তরে মি. রহমান বলেন, "প্রথম কথা হচ্ছে, সরকারের কাছে কতখানি তথ্য আছে, এটা বলা যাবে না। এটা একটা সেনসিটিভ (সংবেদনশীল) তথ্য, এ তথ্য গোপন থাকবে। কিন্তু সেটুকু তথ্য সরকার জানিয়েছে, এটা ফ্যাক্ট। বাংলাদেশে জঙ্গি আছে।„ সেখানে তিনি আরো বলেন, "বাংলাদেশে একটা পর্যায়ে মিলিট্যান্সি-জঙ্গিবাদ ছিল, আছে। সেটাকে আমরা আসলে কমব্যাট (মোকাবিলা) করতে চাই।„

জঙ্গিবাদ বা জঙ্গি কার্যক্রম যে আছে, সেটি জানিয়েছেন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরাও। একাধিক পুলিশ কর্মকর্তা জঙ্গি নেটওয়ার্ক ও তৎপরতা নিয়ে বিবিসি বাংলাকে জানিয়েছেন। তবে এই ইস্যুতে সরকারের দুইজন মন্ত্রী-উপদেষ্টা আলাদা বক্তব্য দেওয়ায়, তারা এই বিষয়টি নিয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি পুলিশ। বিশ্লেষকরা বলছেন, জঙ্গিবাদ আর উগ্রবাদ দুটি শব্দে খুব বেশি পার্থক্য নেই। শুধু শব্দগত পার্থক্য, যা রাষ্ট্র পরিচালনার দায়িত্বে যারা থাকেন, তারা সতর্কভাবে এটি ব্যবহার করেন। নুর খান লিটন বিবিসি বাংলাকে বলেন, "কেউ কেউ সরকারে থাকার কারণে অতি সতর্কতামূলক শব্দ চয়ন করার চেষ্টা করেন। এখন কেউ জঙ্গি বলছেন, কেউ বলছেন উগ্র গোষ্ঠী। শব্দগত পার্থক্য থাকলেও, মূল জায়গায় পার্থক্য নেই, সবাই সন্ত্রাসী।„ (বিবিসি ওয়েব পেজ : ৩০.০৪.২০২৬ আলী আহমেদ)

## বজ্রপাত নিয়ে যে ১০টি বিষয় জানা দরকার

বাংলাদেশে প্রায়ই বজ্রপাতে মৃত্যুর কথা শোনা যায়। গত তিনদিনে সারা দেশে অন্তত ২৮ জনের মৃত্যুর খবর এসেছে গণমাধ্যমে। এর মধ্যে কেবল ২৭শে এপ্রিল একদিনে মারা গেছেন ১৪ জন। চুরি হওয়ার ভয়ে রাত জেগে বজ্রপাতে মৃত সন্তানের লাশ পাহারা দেওয়ার ঘটনাও খবরের শিরোনাম হয়েছে। কিন্তু এই প্রাকৃতিক এই দুর্যোগটি কেন হয়, কেউ

বজ্রপাতে আহত হলে কী করতে হয়, আর বজ্রপাতে মৃত্যু হলে মৃতদেহ চুরিই বা হয় কেন? বজ্রপাত নিয়ে এমন ১০টি প্রশ্নের জবাব নিয়েই বিবিসি বাংলার এই প্রতিবেদন।

**বজ্রপাত কী**

বজ্রপাত মূলত একটি শক্তিশালী প্রাকৃতিক ঘটনা। পৃথিবীর যে-কোনো জায়গায় বজ্রপাত হতে পারে। যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র- সিডিসি'র তথ্য অনুযায়ী, প্রতি মিনিটে ছয় হাজার বজ্রপাত হয়। আর দিনে এই সংখ্যা গড়াতে পারে ৮০ লাখেরও বেশি বার। যুক্তরাষ্ট্রে প্রতি বছর প্রায় চার কোটি বজ্রপাতের ঘটনা ঘটে। তবে বজ্রপাতের শিকার হওয়া প্রায় ৯০ শতাংশ মানুষই বেঁচে যান। বাংলাদেশে ২০১৬ সালে বজ্রপাতের আঘাতে দুইদিনে অর্ধশতাধিক মানুষের মৃত্যু হলে, একই বছর বজ্রপাতকে 'জাতীয় দুর্যোগ' হিসেবে ঘোষণা করে দেশটির দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। বজ্রপাতের শিকার ব্যক্তিদের মধ্যে বেঁচে যাওয়া ব্যক্তির সংখ্যার বিষয়ে নির্দিষ্ট কোনো তথ্য-উপাত্ত পাওয়া না গেলেও, প্রতি বছর এই দুর্যোগের কারণে বাংলাদেশে শত শত মানুষের মৃত্যু হয়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২০১৫ থেকে ২০২৫ সাল- এই ১০ বছরে দেশটিতে বজ্রপাতে তিন হাজার ৬৫৮ জনের মৃত্যু হয়েছে।

**বজ্রপাত কীভাবে হয়?**

যে-কোনো বজ্রপাত তৈরি হতে তিনটি উপাদান প্রয়োজন। এগুলো হলো- বাতাসের আর্দ্রতা, অস্থিতিশীল বায়ু আর ঊর্ধ্বমুখী বল। এর মধ্যে আর্দ্রতা সাধারণত আসে সাগর থেকে। সমুদ্রের আশেপাশের এলাকা থেকে প্রচুর পরিমাণে আর্দ্রতা বাষ্পীভূত হয়ে বাতাসে মিশে যায়। এই আর্দ্রতাই আবার মেঘ তৈরি করে। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনভাইরনমেন্টাল স্যাটেলাইট, ডেটা অ্যান্ড ইনফরমেশন সার্ভিসের তথ্যমতে, ভূ-পৃষ্ঠের কাছাকাছি থাকা উষ্ণ আর আর্দ্র বাতাসের ওপরে শুষ্ক শীতল বাতাস থাকলে অস্থিতিশীল বায়ুর সৃষ্টি হয়। আর এই দুই স্তরের মধ্যে সৃষ্ট বায়ুর ঘনত্বের পার্থক্যের কারণে ঊর্ধ্বমুখী বল তৈরি হয়, যা অস্থিতিশীল বায়ুকে উপরের দিকে ঠেলে দেয়। আর এ কারণেই বজ্র ঝড়ের সৃষ্টি হয়। এই বজ্রঝড়ের ভেতরে উষ্ণ ও আর্দ্র বায়ু দ্রুত উপরে-নিচে চলাচল করে। ঊর্ধ্বমুখী বায়ুপ্রবাহ বায়ুকে হিমাঙ্কের ওপরে ঠেলে দেয়, ফলে বায়ুর জলকণা বরফ বা শিলায় পরিণত হয়। এর ফলে বজ্রমেঘের ভেতরে বরফ ও পানির মিশ্রণ তৈরি হয়, যা একে অপরের সঙ্গে ঘর্ষণের মাধ্যমে বৈদ্যুতিক চার্জ আদান-প্রদান করে। এতে ধীরে ধীরে বৈদ্যুতিক চার্জ জমা হয়, আর তা যথেষ্ট বড়ো হলে বজ্রপাত হয়ে নির্গত হয়। বজ্রপাতের সময় বায়ুর তাপমাত্রা প্রায় ৩০ হাজার ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত পৌঁছাতে পারে। বাতাস এত দ্রুত উত্তপ্ত হওয়ার ফলে তা হঠাৎ প্রসারিত হয় এবং বায়ুর বিশাল কম্পন শকওয়েভ সৃষ্টি করে। এটিই বজ্রধ্বনি হিসেবে শোনা যায়।

**বৃষ্টি ছাড়াও কি বজ্রধ্বনি হতে পারে?**

বজ্রধ্বনি শোনা গেলেও অনেক সময় বৃষ্টি দেখা যায় না। এ ধরনের পরিস্থিতিকে "শুষ্ক বজ্রঝড়„ বলা হয়। শুষ্ক বজ্রঝড়ের সময়, মেঘের নিচের বায়ুস্তর খুব গরম বা শুষ্ক থাকার কারণে মেঘ থেকে নামা বৃষ্টির ফোঁটা মাটিতে পৌঁছানোর আগেই বাষ্প হয়ে যায়। এমন বজ্রঝড়ের দাবানল সৃষ্টির জন্য কুখ্যাতি রয়েছে। কারণ আগুন ধরে যাওয়া গাছপালাকে ভেজানোর মতো বৃষ্টি সেখানে থাকে না। বজ্রপাতের সময় আশপাশের বাতাস প্রায় ৩০ হাজার ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উত্তপ্ত হতে পারে, যা সূর্য পৃষ্ঠের তাপমাত্রার চেয়েও বেশি। এই আকস্মিক উত্তাপ বাতাসকে এত দ্রুত প্রসারিত করে যে, তা এক প্রচণ্ড বিস্ফোরণ ধ্বনির মতো শব্দ সৃষ্টি করে। একেই আমরা বজ্রধ্বনি হিসেবে শুনি।

**ব্যক্তির ওপর বজ্রপাত হলে কী হয়?**

কোনো ব্যক্তির উপরে বজ্রপাত হলে তার শরীরের ভেতর দিয়ে বিদ্যুৎ বয়ে যায়। ফলে বজ্রপাতে আঘাতপ্রাপ্ত ব্যক্তির স্নায়ুতন্ত্র ক্ষতিগ্রস্ত হয়। বজ্রপাতের কারণে মস্তিষ্কে আঘাতের পাশাপাশি হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যেতে পারে। তবে আঘাত সামান্য হলে পেশিতে ব্যথা, মাথাব্যথা, বমি বমি ভাব, বিভ্রান্তি, স্মৃতিশক্তির সমস্যা, মাথা ঘোরা এবং ভারসাম্যহীনতার মতো উপসর্গ দেখা যেতে পারে। দীর্ঘমেয়াদে ধীরে প্রতিক্রিয়া দেওয়া, খিটখিটে মেজাজ, স্মৃতিশক্তির সমস্যা, দীর্ঘস্থায়ী ব্যথা, মাথাব্যথা, ঘুমের সমস্যা, কানে ভোঁ ভোঁ শব্দ শোনা, বিষণ্ণতা এবং ব্যক্তিত্বের পরিবর্তন আসতে পারে।

**বজ্রপাতে মারা যাওয়া লাশ চুরি করা হয় কেন?**

গত সপ্তাহে রাত জেগে বজ্রপাতে মারা যাওয়া সন্তানের লাশ পাহারা দেওয়ার একটি খবর সামাজিক মাধ্যমে ভাইরাল হয়। এর আগেও বজ্রপাতে মৃত ব্যক্তির লাশ চুরি হওয়ার খবর এসেছে গণমাধ্যমে। কিন্তু প্রশ্ন হচ্ছে, বজ্রপাতে মৃত ব্যক্তির লাশ কেন চুরি করা হয়? উত্তর হলো- 'কুসংস্কার'। মূলত, "বজ্রপাত হলে লাশ চুম্বক হয়ে যায়„ এমন কুসংস্কার থেকেই লাশ চুরির ঘটনা ঘটে। কিন্তু বিশেষজ্ঞরা বলছেন, এটি পুরোপুরি অন্ধ বিশ্বাস। বরং, ইলেকট্রিক শক খেয়ে মারা যাওয়া ব্যক্তির মৃতদেহের সাথে বজ্রপাতে মৃত্যু হওয়া মানুষের মরদেহের কোনও পার্থক্য থাকে না বলে বিবিসি বাংলাকে জানিয়েছিলেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ফরেনসিক বিভাগের সাবেক প্রধান সোহেল মাহমুদ।

**বজ্রপাত থেকে বাঁচার উপায়**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের অধ্যাপক ও সাবেক বিভাগীয় প্রধান ড. এম এ ফারুখ বিবিসি বাংলাকে জানিয়েছেন, বাংলাদেশে বজ্রপাতে মারা যাওয়া ৮৭ ভাগ মানুষ উন্মুক্ত স্থানে ছিলেন। বজ্রপাত থেকে বাঁচার জন্য যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ওয়েদার সার্ভিসে বলা হয়েছে, বজ্রপাতের সময় বাইরের কোনো জায়গাই নিরাপদ নয়। কারণ বজ্রপাতের শিকার বেশিরভাগ ব্যক্তিরই প্রাণহানি ঘটে বাইরে থাকা অবস্থায়। ফলে, সবার আগে বজ্রপাতের শব্দ শোনার সাথে সাথে নিরাপদ স্থানের দিকে চলে যেতে হবে। একেবারেই তা সম্ভব না হলে বিচ্ছিন্ন উঁচু গাছ বা টাওয়ার থেকে দূরে থাকতে হবে। অর্থাৎ খালি জায়গায় যদি উঁচু গাছপালা, বৈদ্যুতিক খুঁটি, ধাতব পদার্থ বা মোবাইল টাওয়ার থাকে, তার কাছাকাছি থাকা যাবে না। এছাড়া, বজ্রঝড় সাধারণত চল্লিশ মিনিট থেকে এক ঘণ্টা স্থায়ী হয়। এ সময়টুকু ঘরে অবস্থান করতে হবে। অতি জরুরি প্রয়োজনে ঘরের বাইরে যেতে হলে রাবারের জুতা পরে বাইরে যেতে হবে। এটি বজ্রঝড় বা বজ্রপাত থেকে সুরক্ষা দেবে। বজ্রপাতের সময় ধানক্ষেত বা খোলামাঠে অবস্থান করলে পায়ের আঙুলের ওপর ভর দিয়ে এবং কানে আঙুল দিয়ে নিচু হয়ে বসে পড়তে হবে। বজ্রপাতের আশঙ্কা দেখা দিলে যত দ্রুত সম্ভব দালান বা কংক্রিটের ছাউনির নিচে আশ্রয় নিতে হবে। ভবনের ছাদে বা উঁচু জায়গায় যাওয়া যাবে না। বজ্রপাতের সমুদ্রে বা নদীতে থাকলে মাছ ধরা বন্ধ রেখে নৌকার ছাউনির নিচে আশ্রয় নিতে হবে। যদি কেউ গাড়ির ভেতর অবস্থান করেন, তাহলে গাড়ির ধাতব অংশের সাথে শরীরের সংযোগ রাখা যাবে না। আর ঘরে থাকা অবস্থায় বজ্রপাত হলেও বৈদ্যুতিক সরঞ্জাম, সিংক, বাথটাব, কল, কংক্রিটের দেয়াল ও মেঝে, জানালা এবং দরজা থেকে দূরে থাকতে হবে।

**বজ্রপাতে আহতদের চিকিৎসার জন্য যা করা জরুরি**

বজ্রপাতে কেউ আহত হলে তাকে বৈদ্যুতিক শকে আক্রান্ত কারও মতোই চিকিৎসা দিতে হবে। বজ্রপাতে আহত ব্যক্তির শ্বাস-প্রশ্বাস এবং হৃৎস্পন্দন দ্রুত ফিরিয়ে আনার চেষ্টা করতে হবে। কয়েক মিনিটের মধ্যে কৃত্রিম শ্বাস-প্রশ্বাসের ব্যবস্থা করতে পারলে বাঁচানো সম্ভব। তবে বেশি দেরি হলে আহত ব্যক্তির মৃত্যু হতে পারে। সিপিআর দিয়ে হৃৎপিণ্ড সচল রাখতে হবে। এর মধ্যে অ্যাম্বুলেন্স বা কোনো গাড়ি ডেকে দ্রুত আহত ব্যক্তিকে হাসপাতালে নিতে হবে। আহত ব্যক্তিকে হাসপাতালে নেওয়ার ক্ষেত্রে দেরি করা যাবে না। এছাড়া, বজ্রপাতে আহত ব্যক্তিকে ধরার ক্ষেত্রে কোনো সমস্যা নেই। কারণ বজ্রপাতে আহত কিংবা মৃত ব্যক্তির শরীরে বিদ্যুৎ থাকে না।

**এক জায়গায় বারবার বজ্রপাত হয়?**

ইংরেজি পুরোনো এক প্রবাদ হলো- 'লাইটেনিং নেভার স্ট্রাইক্স দ্য সেইম প্লেস টোয়াইস', অর্থাৎ 'একই জায়গায় দুইবার বজ্রপাত হয় না'। এই কথা দিয়ে মূলত কাউকে বোঝানো হয় যে, যা কিছু খারাপ একবার হয়েছে, তা আর হবে না। বাগ্‌ধারার কারণে অনেকেই মনে করেন, কোনো একটি স্থানে একবার বজ্রপাত হলে, সেই একই জায়গায় দ্বিতীয়বার বজ্রপাত হয় না। তবে এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকা বলছে, এই কথার বাস্তবিক কোনো বৈজ্ঞানিক ভিত্তি নেই। বরং আবহাওয়া আর পরিবেশগত দিক মিলিয়ে বজ্রপাত হবার জন্য সুবিধাজনক যে-কোনো জায়গায় বারবার বজ্রপাত হতে পারে।

**বাংলাদেশে কেন এত বেশি বজ্রপাত হয়?**

গবেষকরা বলছেন, বাংলাদেশে বজ্রপাতের প্রবণতা বেশি হওয়ার মূল কারণ হলো ভৌগোলিক অবস্থান। দেশটির একদিকে বঙ্গোপসাগর, এরপরই ভারত মহাসাগর। সেখান থেকে গরম আর আর্দ্র বাতাস আসে। আবার উত্তরে রয়েছে পাহাড়ি এলাকা, যার কিছু দূরেই হিমালয়। সেখান থেকে ঠান্ডা বাতাস ঢোকে। এই দুটো বাতাসের সংমিশ্রণ বজ্রপাতের জন্য অনুকূল পরিবেশ তৈরি করছে।

**এ বছর বজ্রপাত বেশি হওয়ার কারণ কী?**

এ বছর বাংলাদেশের দক্ষিণাঞ্চলে, বিশেষ করে বঙ্গোপসাগরের ওপরে আর্দ্রতার প্রাদুর্ভাব বেশি হওয়ায় মেঘের পরিমাণও বেড়ে গেছে। "বজ্রমেঘ ও বজ্র ঝড়ের সাথে এই আর্দ্রতার যোগসূত্র আছে„ বিবিসি বাংলাকে বলেন অধ্যাপক ফারুখ। তাপমাত্রা আর আর্দ্রতা বেড়ে যাওয়ার সাথে দেশের ওপর দিয়ে বয়ে যাওয়া তাপপ্রবাহ এক হয়ে বজ্রঝড়ের প্রাদুর্ভাব এ বছর বাড়াচ্ছে বলে জানান তিনি। "গত ২০ বছরের উপাত্ত বিশ্লেষণ করলে দেখা যাবে, প্রতি বছর বন্যার তুলনায় বজ্রপাতে দ্বিগুণেরও বেশি মানুষ মারা যাচ্ছে,„ বলছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের এই অধ্যাপক। ফলে, বজ্রপাতকে জাতীয় দুর্যোগ হিসেবে ঘোষণা করার ১০ বছর পরও তা নিরসনে সরকারের তরফ থেকে যথোপযুক্ত ব্যবস্থা নেয়া হয়নি বলে মন্তব্য করেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৪.২০২৬ আলী আহমেদ)

## গাজার জন্য ত্রাণবাহী নৌবহর আটকে দিলো ইসরায়েল

গাজার মানুষের জন্য ত্রাণসামগ্রী বহনকারী একটি নৌবহরকে থামিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে ইসরায়েলের বিরুদ্ধে। ফিলিস্তিনপন্থি আন্দোলনকারীরা এই অভিযোগ তুলেছেন। এই পদক্ষেপকে অবৈধ আখ্যা দিয়ে ত্রাণ কার্যক্রমের উদ্যোক্তারা বলছেন, ইসরায়েলি অবরোধের আওতায় থাকা গাজা থেকে শত শত কিলোমিটার দূরে ছিল জাহাজগুলো।

বলা হচ্ছে, নৌবহরের ৫০টি জাহাজের মধ্যে ১১টির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। গত বছরের অক্টোবরে ইসরায়েল একই ধরনের একটি নৌবহর থামিয়েছিল, যার ফলে সুইডিশ আন্দোলনকর্মী গ্রেটা থুনবার্গসহ আরও ৪৫০ জন গ্রেফতার হন। (বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

### পারস্য উপসাগর ও হরমুজ প্রণালিতে নতুন অধ্যায় রচিত হচ্ছে : মোজতবা খামেনি

ইরানের সঙ্গে গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর থেকে পারস্য উপসাগর ও হরমুজ প্রণালিতে একটি নতুন অধ্যায় রচিত হচ্ছে বলে মন্তব্য করেছেন ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি। পার্সিয়ান গাল্ফ ডে বা পারস্য উপসাগরীয় দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার প্রকাশিত এক লিখিত বার্তায় তিনি এ মন্তব্য করেন। ইরানের সর্বোচ্চ নেতা বলেছেন, তেহরান 'নৌপথের শত্রুকে, নির্মূল করবে এবং উপসাগরীয় অঞ্চলকে সুরক্ষিত করবে। হরমুজ প্রণালিতে নতুন বিধি-বিধান ও ব্যবস্থাপনা 'শান্তি ও অগ্রগতির' পাশাপাশি সকল উপসাগরীয় রাষ্ট্রের জন্য 'অর্থনৈতিক সুবিধাও' বয়ে আনবে বলে মোজতবা খামেনির বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। তবে এ বিষয়ে আর বিস্তারিত কিছু বলা হয়নি বিবৃতিতে। (বিবিসি ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## রেডিও তেহরান

### বিএনপির ওপর আর আস্থা রাখতে পারছি না : জাতীয় সংসদে নাহিদ ইসলাম

বাংলাদেশের জাতীয় সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, বিএনপির ওপর আর আস্থা রাখতে পারছেন না। এর কারণ হিসেবে তিনি আর্থিক খাতে বিশৃঙ্খলা, বাংলাদেশ ব্যাংকের গভর্নর পদে রাজনৈতিক নিয়োগ, সংস্কার ও গণভোটের রায়কে অগ্রাহ্য করাসহ নানা বিষয়ের উল্লেখ করেন। আজ (বৃহস্পতিবার) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে নাহিদ ইসলাম এ কথা বলেন। তিনি সংবিধান, রাষ্ট্রপতি, জুলাই জাতীয় সনদ, পররাষ্ট্রনীতি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতিসহ বিভিন্ন বিষয়ে বিস্তৃত বক্তব্য দেন। এর আগে, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী পুঁজিবাজার ও বিমাসংক্রান্ত দুটি বিল পাসের সময় বিএনপির শাসনামলে কোনো আর্থিক বিশৃঙ্খলা নেই বলে উল্লেখ করে বক্তব্য দেন। তাঁর জবাব দিয়ে নাহিদ ইসলাম বক্তব্য শুরু করেন।

#### আর্থিক খাত নিয়ে প্রশ্ন

নাহিদ ইসলাম বলেন, আর্থিক খাত নিয়ে মাননীয় অর্থমন্ত্রী একবাক্যে বারবার বলেন, বিএনপির সময়ে আর্থিক খাতে বিশৃঙ্খলার কোনো রেকর্ড নেই। নাহিদ বলেন, "উনি কিছুক্ষণ আগে অস্বীকার করেছেন যে, বাংলাদেশ ব্যাংকের গভর্নর একটা রাজনৈতিক নিয়োগ, তাদের দলের নির্বাচন কমিটির সদস্য। তিনি অস্বীকার করলেন।„ টিআইবির প্রতিবেদন উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, "নির্বাচনে প্রার্থী হওয়া সরকারদলীয় প্রার্থীদের মধ্যে ৫৯ দশমিক ৪১ শতাংশের ঋণ রয়েছে। সংসদে সদস্যদের ১১ হাজার কোটি টাকার ঋণ রয়েছে, যার অধিকাংশই সরকার দলের। যাদের অধিকাংশই ঋণখেলাপি ছিলেন, নির্বাচনের আগে কিছু টাকা দিয়ে ঋণ পুনঃতফশিল করে নিয়েছেন। তিনি আরও বলেন, "বর্তমান বাংলাদেশ ব্যাংকের গভর্নরের বিশেষত্ব হচ্ছে ঋণ পুনঃতফশিল করা। এটাতে তিনি অভিজ্ঞ, ফলে তাকে বাংলাদেশ ব্যাংকের গভর্নর কেন করা হয়েছে, তা পরিষ্কার।

#### প্রেসিডেন্ট ইস্যুতে তীব্র সমালোচনা

প্রেসিডেন্টকে উদ্দেশ্য করে নাহিদ ইসলাম বলেন, "রাষ্ট্রপতির বক্তব্য আমি শুনিও নাই, পড়িও নাই। তাকে বক্তব্য দেওয়ার সুযোগকে আমরা প্রত্যাখ্যান করেছিলাম। আমরা খুব স্পষ্টভাবে বলেছিলাম, রাষ্ট্রপতির অপসারণ ও গ্রেফতার করা প্রয়োজন। রাষ্ট্রপতির কোনো অধিকার নেই বঙ্গভবনে থাকার, এখানে এসে বক্তব্য দেওয়ার।„ প্রেসিডেন্টের অতীত ভূমিকা তুলে ধরে তিনি বলেন, "তাকে তিনটি লক্ষ্য দিয়ে দুদকের কমিশনার করা হয়। এর এক নম্বর হচ্ছে, খালেদা জিয়া এবং তারেক রহমানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের নিশ্চিত করা। দুই নম্বর হচ্ছে, পদ্মা সেতুর দুর্নীতির অভিযোগ থেকে আওয়ামী লীগকে ক্লিনচিট দেওয়া। তিন নম্বর হচ্ছে, ফখরুদ্দিন-মইনউদ্দিন সরকারের সময় শেখ হাসিনাসহ আওয়ামী লীগের নেতাদের বিরুদ্ধে হওয়া দুর্নীতির মামলা বাতিল করা।„ নাহিদ আরও বলেন, "প্রেসিডেন্ট সাহাবুদ্দিন চুপ্পু এস আলমের হাতে ইসলামী ব্যাংককে তুলে দেওয়ার কারিগর। এস আলম দুই কোটি আমানতকারীকে পথে বসিয়েছিল। জুলাই গণহত্যার সময় তার (রাষ্ট্রপতি) ভূমিকা, ফ্যাসিবাদের সঙ্গে তার সংশ্লিষ্টতা সবকিছু আমরা জানি। কিন্তু আমাদের দুর্ভাগ্য, একজন দুর্নীতিবাজ, অপদার্থ, মিথ্যুক, গণহত্যার দোসর এখনো বাংলাদেশের রাষ্ট্রপতি।„

#### বিএনপি ও রাষ্ট্রপতি পরিবর্তন প্রসঙ্গ

নাহিদ বলেন, "এখন নির্বাচিত সরকার। চাইলে বিএনপি রাষ্ট্রপতি পরিবর্তন করতে পারে। বিএনপিতে সে ধরনের যোগ্য ও আস্থাভাজন লোক রয়েছেন। গাধাকে দিয়ে হাল চাষ করিয়ে কোনো "বাহাদুরি নেই„- এটা সরকারের দেউলিয়াত্ব।„

**সংবিধান নিয়ে বিতর্ক**

,৭২-এর সংবিধান প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, ”৭২-এর সংবিধানকে ,৭১-এর সঙ্গে বিএনপি কোন বিবেচনায় মেলাচ্ছে?„ তিনি উল্লেখ করেন, ”বাহাত্তরের সংবিধানকে একাত্তরের সঙ্গে মিলিয়েছিল তো আওয়ামী লীগ। আমরা এর বিরোধিতা করেছি, বিএনপির বহু নেতাও বিরোধিতা করেছিল। মওলানা ভাসানী, বদরুদ্দিন উমরসহ আরও অনেকে বিরোধিতা করেছিলেন।„ নাহিদ বলেন, ”৭২-এর সংবিধান স্বাধীন বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিরা রচনা করেননি। ,৭২-এর সংবিধান রচনা করেছিল ,৭০-এর নির্বাচনে আইয়ুব খানের এলএফওয়ের অধীনে যারা নির্বাচিত হয়েছিল তারা।„ তিনি আরও বলেন, ”বাহাত্তরের সংবিধান উত্তরাধিকারসূত্রে অগণতান্ত্রিক... স্বৈরতন্ত্রের বীজ বাংলাদেশে বাহাত্তরের সংবিধানে বপন করা হয়েছিল। এ সংবিধান মুজিববাদী আদর্শে রচিত।„ জিয়াউর রহমান প্রসঙ্গে বিরোধীদলীয় চিফ হুইপ বলেন, ”সিপাহি জনতার বিপ্লবের মাধ্যমে ,৭২-এর সংবিধান বাতিলের সুযোগ এসেছিল...সম্মান রেখেই বলছি, জিয়াউর রহমান সে ঐতিহাসিক ভুলটি করেছিলেন।„

**জুলাই জাতীয় সনদ ও গণভোট**

জুলাই জাতীয় সনদে বিএনপির `নোট অব ডিসেন্ট, নিয়ে এনসিপির আহ্বায়ক বলেন, `জুলাই জাতীয় সনদে ”নোট অব ডিসেন্ট„ দিয়ে সেটাকে কলুষিত করে ফেলা হয়েছে... গুরুত্বপূর্ণ সংস্কারগুলোর পাশেই নোট লেখা হয়েছে।„ তিনি অভিযোগ করেন, `বলপ্রয়োগ করে ঐকমত্য কমিশনকে চাপ দিয়ে জুলাই সনদে ”নোট অব ডিসেন্ট„ লেখানো হয়েছে।„ গণভোট প্রসঙ্গে তিনি বলেন, ”সবার সম্মতির ভিত্তিতেই সবাই মিলে গণভোটে অংশগ্রহণ করেছি, নির্বাচনের পর বিএনপি ভিন্ন অবস্থান নেয়...নির্বাচনের আগে পরিষ্কার করা প্রয়োজন ছিল যে গণভোট আপনারা মানেন না।„ তিনি দাবি করেন, ”গণভোট অনুসারে অতি দ্রুত সময়ের মধ্যে সাংবিধানিক সংস্থার পরিষদ গঠন করা উচিত।„

**সাংবিধানিক প্রতিষ্ঠান ও বিচার বিভাগ**

নাহিদ বলেন, সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোয় নিয়োগপ্রক্রিয়া স্বচ্ছ ও নির্দলীয় হতে হবে। বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করার ওপর জোর দিয়ে তিনি বলেন, ”আওয়ামী লীগের নিয়োগকৃত অনেক বিচারক এখনো রয়ে গিয়েছেন... তারপরও তো বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করতে হবে।„ মানবাধিকার অধ্যাদেশ বাতিলের প্রসঙ্গে নাহিদ বলেন, ”ভালো আইন যতক্ষণ পর্যন্ত আনতে পারছে না... আপনাদের সমালোচনাটা সহ্য করতে হবে।„

**মুক্তিযুদ্ধ ও জুলাই গণ-অভ্যুত্থান**

নাহিদ ইসলাম বলেন, ”মুক্তিযুদ্ধকে আমরা শ্রদ্ধা করি... জুলাই গণ-অভ্যুত্থানের মধ্যে মুক্তিযুদ্ধের নতুন রূপ তৈরি হয়েছে... মুক্তিযুদ্ধের সাথে জুলাই গণ-অভ্যুত্থানের কোনো সাংঘর্ষিক অবস্থান নেই।„ তিনি বলেন, ”আমরা কেউ বলি নাই যে, জুলাই গণ-অভ্যুত্থান মুক্তিযুদ্ধের থেকে বড়ো... জুলাই গণ-অভ্যুত্থান এক বিশেষ ঘটনা, মুক্তিযুদ্ধ বাংলাদেশের ফাউন্ডেশন। এটার ব্যাপারে আমরা আনকমপ্রমাইজ, এটা নিয়ে কোনো বিতর্কের সুযোগ নাই।„

**গণ-অভ্যুত্থানে অংশগ্রহণ**

নাহিদ বলেন, `জুলাই গণ-অভ্যুত্থানে সকলের অংশগ্রহণ ছিল, আমরা আন্দোলনের সময় থেকে এখন পর্যন্ত কখনও অস্বীকার করি নাই, গণ-অভ্যুত্থানের পরে আমাদের রাস্তা রাজনৈতিকভাবে আলাদা হয়ে গেছে।„

**পররাষ্ট্রনীতি ও ভারত**

ভারত প্রসঙ্গে নাহিদ বলেন, ”ভারতের সাথে সম্পর্ক আমরা উন্নয়ন করতে চাই, কিন্তু এই সম্পর্ক উন্নয়ন হতে হবে মর্যাদার ভিত্তিতে, সাম্যের ভিত্তিতে...ভারত শুধু আওয়ামী লীগের সাথে সম্পর্ক তৈরি করে এই দেশকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে, সেই দিনকে কবর দিতে হবে।„

**আইনশৃঙ্খলা পরিস্থিতি**

স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, ”দুই মাসে বিএনপির হাতে খুন হয়েছে ৩১ জন, ধর্ষণের ঘটনা ঘটেছে ১৪টি, বিএনপির চাঁদাবাজির খবর এসেছে ৮৩টি, কিন্তু সরকার কার্যকর কোনো ব্যবস্থা গ্রহণ করেনি।„ তিনি আরও বলেন, ”শাহবাগ থানার সামনে...সাংবাদিকদের মারধর করেছে ছাত্রদলের নেতা-কর্মী, এখনো কোনো মামলা নেয়নি, থানার ভেতর প্রবেশ করে ওসি রুমে...হামলা করা হয়েছে ”

**জঙ্গিবাদ প্রসঙ্গ**

জঙ্গিবাদ নিয়ে সরকারের ভিন্নমুখী বক্তব্যের সমালোচনা করে নাহিদ ইসলাম বলেন, ”স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন জঙ্গিবাদ নেই, আবার প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা বলছেন জঙ্গিবাদ আছে... আপনারা একটু সমন্বয় করে বক্তব্য দিন।„ তিনি বলেন, ”জঙ্গিবাদ বাংলাদেশের সিকিউরিটি প্রশ্ন...এতে জাতীয় ঐক্য লাগবে, তবে বিগত আমলের মতো জঙ্গিবাদকে ওয়ার অন টেরর প্রজেক্ট হিসেবে যাতে না দেখা হয় ” শেষে নাহিদ ইসলাম বলেন, ”সংসদে সরকারি দলের সদস্যরা যেভাবে স্তুতি করেছে, সংবিধান সংস্কার পরিষদকে বাতিল, গণভোটকে অস্বীকার, তাতে আমি অনেক হতাশ হয়েছি।

আশা করি, আমাদের এই হতাশা অতি দ্রুতই শেষ হবে এবং আমরা যেই কমিটমেন্ট জনগণের কাছে করেছি সেই সকল প্রতিশ্রুতি আমরা রক্ষা করে সামনের দিকে এগিয়ে যেতে পারব।"
(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩০.০৪.২০২৬ নারগীস)

## এনএইচকে

### বাংলাদেশে খাদ্য রপ্তানি বাড়ানোর লক্ষ্য জাপানের কৃষিমন্ত্রীর

জাপানের কৃষিমন্ত্রী বাংলাদেশে চালসহ জাপানি কৃষি পণ্য এবং প্রক্রিয়াজাত খাদ্যপণ্যের রপ্তানি বাড়াতে সহায়তা করার জন্য তার বাংলাদেশি প্রতিপক্ষের প্রতি অনুরোধ জানিয়েছেন। বুধবার বাংলাদেশে মোহাম্মদ আমিন উর রশিদের সঙ্গে সাক্ষাৎ করেন সুযুকি নোরিকাযু। সুযুকি ফেব্রুয়ারিতে দুই দেশের মধ্যে স্বাক্ষরিত অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির কথা উল্লেখ করেন। তিনি বলেন, জাপান বাংলাদেশে কৃষি, বনজ ও মৎস্য পণ্যের রপ্তানি বাড়াতে আগ্রহী। রশিদ বলেন, তার দেশ কৃষি ও খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে প্রযুক্তিগত সহায়তার প্রত্যাশা করে। বৈঠকের পর সুযুকি রাজধানী ঢাকার একটি সুপারমার্কেট পরিদর্শন করেন। তিনি সেখানে বিক্রি হওয়া বিভিন্ন ধরণের চাল ও অন্যান্য খাদ্যদ্রব্য সম্পর্কে অবগত হন। ১৭ কোটিরও বেশি জনসংখ্যার বাংলাদেশে আরও বেশি অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রত্যাশা করা হচ্ছে। ভাত বাংলাদেশের প্রধান খাদ্য হওয়ায় জাপান দেশটির বাজারে জাপানি খাদ্যের একটি বৃহত্তর অংশ দেখতে আগ্রহী। সুযুকি বলেছেন, টোকিও বাংলাদেশের মতো দেশগুলোতে বাজার বিকাশের জন্য কাজ করবে, যাদের সঙ্গে জাপানের ঐতিহ্যগতভাবে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে এবং যেখানে জাপানি খাবার সম্পর্কে ধারণা গভীর হচ্ছে।
(এনএইচকে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### সরকার ধর্ম নিয়ে রাজনীতি করতে চায় না : প্রধানমন্ত্রী

বর্তমান সরকার ধর্ম নিয়ে রাজনীতি করতে চায় না বলে মন্তব্য করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি আরো বলেন, ধর্মকে রাজনৈতিক স্বার্থে আমরা ব্যবহার করতে চাই না, অতীতেও আমরা তা করিনি। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিকে উদ্ধৃত করে এ তথ্য জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। বিজ্ঞপ্তি অনুযায়ী, আজ বৃহস্পতিবার সকালে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন হলে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ের সময় প্রধানমন্ত্রী বলেন, "ধর্ম যার যার, নিরাপত্তা পাওয়ার অধিকার সবার। ধর্ম-বর্ণ নির্বিশেষে বাঙালি-অবাঙালি, বিশ্বাসী-অবিশ্বাসী সবাই সকল ক্ষেত্রে সমানভাবে অধিকার ভোগ করবে, এটাই বর্তমান সরকারের নীতি।„ বৌদ্ধ ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়ে তারেক রহমান বলেন, "প্রতিটি নাগরিক যে যার ধর্মীয় রীতি নীতি ও অধিকার বিনা বাধায়-স্বাধীনভাবে অনুসরণ-অনুকরণ ও ভোগ করতে পারে- এমন একটি রাষ্ট্র ও সমাজ বিনির্মাণই হচ্ছে আমাদের সরকারের প্রধানতম দায়িত্ব ও অঙ্গীকার। দল-মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে প্রতিটি মানুষ যাতে শান্তি এবং নিরাপত্তার সঙ্গে বসবাস করতে পারে, তেমন একটি পরিবেশ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর।„ প্রধানমন্ত্রী বলেন, "বর্তমান সরকারের একটি রাজনৈতিক দর্শন `বাংলাদেশি জাতীয়তাবাদ,। বাংলাদেশে এটি বারবার প্রমাণিত হয়েছে, একমাত্র বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনই দেশের সকল বর্ণ, ধর্মীয় সম্প্রদায় ও নৃগোষ্ঠীর নিবিড় সহাবস্থান নিশ্চিত করতে পারে।„
বৌদ্ধ সম্প্রদায়ের উদ্দেশ্যে তিনি আরো বলেন, "আপনারা কেউ নিজেদেরকে কখনোই সংখ্যালঘু ভাববেন না। রাষ্ট্র আমার, আপনার, আমাদের সবার পরিচয়। আমরা প্রত্যেকে, প্রত্যেক নাগরিক, সকলে `আমরা বাংলাদেশি,।„ তারেক রহমান বলেন, "রাষ্ট্রীয় আইনের পাশাপাশি প্রতিটি নাগরিক যদি নিজ নিজ ধর্মের শিক্ষা সঠিকভাবে মেনে চলেন, তাহলে আমরা সবাই মিলে একটি মানবিক রাষ্ট্র ও সমাজ নির্মাণ করতে পারব।„ তিনি স্মরণ করিয়ে দেন যে, বীর মুক্তিযোদ্ধারা ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার জন্য একটি নিরাপদ বাংলাদেশ বিনির্মাণের আকাঙ্ক্ষায় স্বাধীনতা অর্জন করেছিলেন। তিনি বলেন, "মুসলমান-হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান সবাই মিলে লাখো প্রাণের বিনিময়ে এই দেশটা আমরা স্বাধীন করেছিলাম। মুক্তিযুদ্ধের সময় কে কোন ধর্মের অনুসারী, কে বিশ্বাসী কিংবা অবিশ্বাসী, এটি কারও জিজ্ঞাসা ছিল না। তাই এই স্বাধীন বাংলাদেশ আপনার-আমার, আমাদের সকলের।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রনি)

### আইভীর দুই হত্যা মামলা ও ইমির সন্ত্রাসবিরোধী আইনের মামলায় জামিন

হত্যার অভিযোগে করা দুই মামলায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভী অন্তবর্তীকালীন জামিন পেয়েছেন। ৭ মার্চ-এর ভাষণ বাজানোর পর গ্রেফতার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল সংসদের সাবেক ভিপি শেখ তাসনিম আফরোজ (ইমি)-ও অন্তবর্তীকালীন জামিন পেয়েছেন সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায়। ২০০৩ থেকে ২০১১ সাল পর্যন্ত নারায়ণগঞ্জ পৌরসভার মেয়র ছিলেন আইভী। পরে নবগঠিত নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের টানা তিনটি নির্বাচনে জয়ী হন তিনি। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো জানায়, জামিন চেয়ে আইভীর করা পৃথক আবেদনের শুনানি নিয়ে বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের

সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ বৃহস্পতিবার রুলসহ জামিনের এ আদেশ দেন। সিদ্ধিরগঞ্জ থানায় ২০২৪ সালের ১১ সেপ্টেম্বর ও ২০২৫ সালের ৩০ জুন ওই দুই মামলা দায়ের করা হয়। এই দুই মামলার একটিতে ২ মার্চ ও অন্যটিতে ১২ এপ্রিল তাকে গ্রেফতার দেখানো হয়। এর আগে, ১০ মামলায় জামিনের পর সিদ্ধিরগঞ্জ থানার ওই দুই মামলায় গ্রেফতার দেখানোর প্রক্রিয়া নিয়ে হাইকোর্টে রিট করেছিলেন আইভী। রিটের প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট ২৬ এপ্রিল রুলসহ আদেশ দেন। সর্বশেষ সিদ্ধিরগঞ্জ থানার পৃথক দুটি মামলায় আইভীকে গ্রেফতার দেখানো (শোন অ্যারেস্ট) কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ও মৌলিক অধিকারের পরিপন্থি ঘোষণা করা হবে না, রুলে তা জানতে চাওয়া হয়। আরেক খবরে প্রথম আলো জানায়, জামিন চেয়ে ইমির করা আবেদনের শুনানি নিয়ে বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ বৃহস্পতিবার রুলসহ অন্তর্বর্তীকালীন জামিনের আদেশ দেন। গত ৭ মার্চ রাত সাড়ে ৯টার দিকে শাহবাগ থানার সামনে অবস্থান নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ বাজানো কর্মসূচি ঘোষণা করেন শেখ তাসনিম আফরোজ ইমিসহ কয়েকজন। রিকশায় করে মাইকে ভাষণ বাজানোর সময় ডাকসু নেতা এ বি জুবায়ের, মোসাদ্দেক আলী ইবনে মোহাম্মদ, এনসিপির ছাত্রসংগঠন জাতীয় ছাত্র শক্তির আহ্বায়ক তাহমিদ আল মোদাসসিরসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একটি দল তাতে বাধা দেয়। এক পর্যায়ে এ বি জুবায়ের ও মোসাদ্দেক আলী রিকশাসহ শেখ তাসনিম আফরোজ ও আবদুল্লাহ আল মামুনকে শাহবাগ থানার ভেতরে নিয়ে যান। এ সময় থানার ভেতরেই আবদুল্লাহ আল মামুনকে মারধর করা হয়। পরে পুলিশ তাদের আটক করে রাখে। পরদিন আটক তিনজনকে সন্ত্রাসবিরোধী আইনে শাহবাগ থানার একটি মামলায় গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো হয়। এ ঘটনায় পুলিশ বাদী হয়ে মামলা করে। ঘটনার বিষয়ে মামলার এজাহারে বলা হয়েছে, শাহবাগ থানার বিপরীত পাশে জাতীয় জাদুঘরের ১ নম্বর গেটের সামনে আবদুল আল মামুন ও শেখ তাসনিম আফরোজ ইমির নেতৃত্বে ১০ থেকে ১৫ জন অজ্ঞাতনামা ব্যক্তি জড়ো হয়। সে সময় শাহবাগ থানা মসজিদে তারাবির নামাজ চলছিল। তারা মসজিদের দিকে মুখ করে লাউড স্পিকারে উসকানিমূলক স্লোগান দেন। সরকারবিরোধী ষড়যন্ত্রের উদ্দেশ্যে নিষিদ্ধ সংগঠনের কার্যক্রম সচলের চেষ্টা করেন। তারা পুলিশের কাজেও বাধা দিয়ে থানা হেফাজতে আটক থাকা আসিফ আহমেদ সৈকতকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন। এ সময় ডাকসু প্রতিনিধি এ বি জুবায়ের ও মোহাম্মদ মোসাদ্দেকের নেতৃত্বে একদল শিক্ষার্থী তাদের আটক করে পুলিশে দেয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### ইসলামের আলোকে শ্রমিকদের ন্যায্য অধিকার নিশ্চিত করার দাবি ইফার

ইসলামের আলোকে শ্রমিকদের ন্যায্য অধিকার, সম্মান ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন ইসলামিক ফাউন্ডেশনের (ইফা) মহাপরিচালক আবদুল ছালাম খান। তিনি বলেন, ইসলামে শ্রমিককে যথাযথ মর্যাদা দেওয়ার নির্দেশনা রয়েছে এবং তাদের প্রতি ন্যায়সংগত আচরণ নিশ্চিত করা প্রতিটি মানুষের নৈতিক দায়িত্ব। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) রাজধানীর আগারগাঁওয়ে ইফার প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে এক আলোচনা সভা, বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আগামীকাল শুক্রবার (১ মে) মহান মে দিবস উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ইসলামের দৃষ্টিতে শ্রমিকের অধিকার ও মর্যাদা, শীর্ষক এ আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয় বিভাগের পরিচালক হাজেরা খাতুন। অন্যদের মধ্যে বক্তব্য দেন সচিব শেখ মুর্শিদুল ইসলাম, পরিচালক আনিসুজ্জামান শিকদার, ড. হারুনর রশীদ, জাকির হোসেন প্রমুখ। বক্তারা শ্রমিকদের ন্যায্য মজুরি, কর্মপরিবেশের উন্নয়ন এবং মানবিক আচরণ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানের শেষে দেশ ও জাতির কল্যাণ, শ্রমজীবী মানুষের সুখ-সমৃদ্ধি এবং বৈশ্বিক শান্তি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

### ৬ বিভাগে অতি ভারী বৃষ্টির আভাস, পাহাড়ে ভূমিধসের শঙ্কা

দেশের ছয় বিভাগে ভারী থেকে অতি ভারী বর্ষণের আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। অতিভারী বৃষ্টির কারণে এসব অঞ্চলের কোথাও কোথাও সাময়িক জলাবদ্ধতা সৃষ্টি হতে পারে। বিশেষ করে, চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকায় ভূমিধসের ঝুঁকিও রয়েছে। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) সংস্থাটির এক সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, দেশের অভ্যন্তরে বজ্রমেঘ সৃষ্টির প্রবণতা অব্যাহত থাকায় আজ দুপুর ১টা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি. মি./২৪ ঘণ্টা) থেকে অতি ভারী (১৮৮ মি. মি./২৪ ঘণ্টা) বৃষ্টিপাত হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## ফ্যাসিস্ট আমলে নির্যাতনের ঘটনায় ১৮৫৫ মামলা হয়েছে : আইনমন্ত্রী

বিগত ফ্যাসিস্ট আমলে সংঘটিত হত্যা, গুম ও নির্যাতনের ঘটনায় জুলাই গণ-অভ্যুত্থান পরবর্তী সময় দেশের বিভিন্ন জেলার থানায় মোট ১ হাজার ৮৫৫টি মামলা দায়ের করা হয়েছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। তিনি বলেছেন, এর মধ্যে হত্যা মামলার সংখ্যা ৭৯৯টি এবং অন্যান্য ধারার অধীনে ১ হাজার ৫৬টি মামলা দায়ের করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) জাতীয় সংসদে কুড়িগ্রাম-১ আসনের সংসদ সদস্য আনোয়ারুল ইসলামের প্রশ্নের লিখিত উত্তরে আইনমন্ত্রী এসব কথা জানান। ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। ১ হাজার ৮৫৫টি মামলার মধ্যে ১৫৮টি মামলার তদন্ত শেষ করে চার্জশিট দেওয়া হয়েছে বলে জানান আইনমন্ত্রী। তিনি বলেন, এর মধ্যে হত্যা মামলা ৪৮টি এবং অন্যান্য মামলা ১১০টি। বাকি ১ হাজার ৬৯৭টি মামলার তদন্ত চলমান। এই বিপুলসংখ্যক মামলার তদন্ত জটিল ও সময়সাপেক্ষ প্রক্রিয়া হলেও, দ্রুততম সময়ে প্রতিবেদন দাখিলের লক্ষ্যে পুলিশ বিভাগ কাজ করে যাচ্ছে। প্রতিটি মামলার সাক্ষ্য-প্রমাণ সংগ্রহ ও যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করে তদন্ত কার্যক্রম পরিচালিত হচ্ছে, যেন বিচারের সময় কোনো আইনি দুর্বলতা না থাকে। আইনমন্ত্রী বলেন, জামিনের বিষয়টি সম্পূর্ণরূপে আদালতের এখতিয়ারে। তবে, রাষ্ট্রপক্ষের আইনজীবীরা প্রতিটি মামলায় যুক্তি উপস্থাপনপূর্বক সক্রিয়ভাবে আসামিদের জামিনের বিরোধিতা করছেন। তিনি বলেন, ফ্যাসিস্ট সরকারের আমলে সংগঠিত নৃশংস অপরাধের শিকার ব্যক্তিরা এবং ভুক্তভোগী পরিবারগুলোকে ন্যায়বিচার প্রদানে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। যারা নিরীহ মানুষদের হত্যা করেছে, গুম করেছে, নির্যাতন করেছে, পঙ্গু করেছে, তাদের প্রত্যেককে আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার বিষয়ে সরকার নিরলসভাবে কাজ করছে। বিগত ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের আমলে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের নামে কতটি মামলা দায়ের হয়েছে, সে সংক্রান্ত পরিসংখ্যান সরকারের কাছে নেই বলে সংসদে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তবে মন্ত্রী বলেছেন, এ পর্যন্ত রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মোট ২৩ হাজার ৮৬৫টি মামলা প্রত্যাহার করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## বিএসইসি ও বীমা কর্তৃপক্ষের প্রধানদের বয়সসীমা থাকছে না, সংসদে বিল পাস

পুঁজি বাজারের দুই নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (আইইডিআরএ) শীর্ষ পদে নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা তুলে দিতে জাতীয় সংসদে দুটি সংশোধনী বিল পাস হয়েছে। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে সংসদ অধিবেশনে বিল দুটি উপস্থাপন করেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। এরপর বিল দুটি কণ্ঠভোটে পাস হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাজ্য বিএনপির ৪১ সদস্যের আহ্বায়ক কমিটি ঘোষণা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির যুক্তরাজ্য শাখার ৪১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। বুধবার (২৯ এপ্রিল) বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের অনুমোদনক্রমে ও মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে কমিটি ঘোষণার এই তথ্য জানানো হয়। আবুল কালাম আজাদকে আহ্বায়ক এবং খসরুজ্জামান খসরুকে সদস্যসচিব করে নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন- মুজিবুর রহমান মুজিব, আলহাজ তৈমুছ আলী, শাহ আখতার হোসেন টুটুল, আক্তার হোসেন, অধ্যাপক ফরিদ উদ্দিন, গোলাম রব্বানী আহমেদ সোহেল, শরীফুজ্জামান চৌধুরী তপন, এম এ মুকিত, এমদাদ হোসেন টিপু, মো. তাজুল ইসলাম, শেখ শামসুদ্দিন শামিম, কাজী ইকবাল হোসেন দেলোয়ার, আতিকুর রহমান চৌধুরী পাপ্পু, আবেদ রাজা, মো. ফয়জুল হক, শহিদুল ইসলাম মামুন, কামাল উদ্দিন, দেওয়ান মোকাদ্দিম চৌধুরী নিয়াজ, ব্যারিস্টার মওদুদ আহমেদ খান, গুলজার আহমেদ খান, মিজবাহুজ্জামান সোহেল, হাসনাত কবির খান রিপন, ড. মুজিবুর রহমান, আসাদুজ্জামান আহমেদ, সালেহ আহমদ জিলান, শামসুর রহমান মাহতাব, সালেহ গজনবী, ফখরুল ইসলাম বাদল, ফেরদৌস আলম, শেখ আলী আহমেদ, বাবুল আহমেদ চৌধুরী, সেলিম আহমদ, শামীম আহমেদ, সোহেল আহমেদ সাদিক, ডালিয়া লাকুরিয়া, খিজির আহমদ, হাবিবুর রহমান হাবিব, ব্যারিস্টার আলিমুল হক লিটন, তোফাজ্জল আলম।

(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## সংসদে জামায়াত আমিরকে নিয়ে ফজলুর রহমানের বক্তব্যের প্রতিবাদ

গত মঙ্গলবার সংসদে জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানকে নিয়ে বিএনপির সংসদ সদস্য ফজলুর রহমানের বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ। বুধবার (২৯ এপ্রিল) সংগঠনটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোসলেম উদ্দিন ও সেক্রেটারি জেনারেল বীর মুক্তিযোদ্ধা মো. তাজিরুল ইসলাম এক যৌথ বিবৃতিতে এ প্রতিবাদ জানান। বিবৃতিতে জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদের আরও ৭০ জন সদস্য সই করেছেন। বিবৃতিতে নেতারা বলেন, সম্প্রতি মুক্তিযুদ্ধ ও জামায়াতে ইসলামীর ভূমিকা নিয়ে তীব্র বাদানুবাদ

শুরু হয়েছে, এমনকি সংসদেও বক্তব্যে আক্রমণাত্মক ভাষা ব্যবহার করা হয়েছে, যা আমাদের দৃষ্টিগোচর হয়েছে। আমরা জেনারেল জিয়াউর রহমানের আহ্বানে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ করেছি। স্বাধীনতার পর বীর মুক্তিযোদ্ধারা বাংলাদেশ সরকারের অধীনে ছিলেন এবং এখন পর্যন্ত সরকারের অধীনেই আছেন। তারা সরকারের পক্ষ থেকে জনগণের টাকায় ভাতাপ্রাপ্ত হয়ে আসছেন। তারা বলেন, দেশ স্বাধীনের পর আওয়ামী লীগ সরকারে থাকায় আওয়ামী লীগ মতাদর্শের বীর মুক্তিযোদ্ধারা দলটিতে যোগদান করেন। পরে কেউ জাসদে, কেউ জাতীয় পার্টিতে এবং বিএনপি গঠন হলে অনেকে দলটিতে যোগ দেন। এছাড়াও, কেউ কেউ আওয়ামী লীগ ত্যাগ করে বিএনপির মুক্তিযোদ্ধা দলে যোগ দেন। এমনকি ১৯৭৯ সালে রাজনৈতিক কার্যক্রম শুরু করার পর অনেক বীর মুক্তিযোদ্ধা বাংলাদেশ জামায়াতে ইসলামীতে যোগদান করেন। তেমনই ফজলুর রহমান নিজের অতীত আওয়ামী নীতি বিসর্জন দিয়ে অনেক দল বদলের পর বিএনপিতে যোগ দেন। কিশোরগঞ্জের কোম্পানি কমান্ডার আইয়ুব বিন হায়দারের ভাষ্যমতে, অ্যাডভোকেট ফজলুর রহমান ট্রেনিং গ্রহণের পর কোনো অস্ত্রই হাতে নেননি এবং মহান মুক্তিযুদ্ধে তিনি কোনো কোম্পানি কমান্ডার ছিলেন না। বিবৃতিতে তারা আরও বলেন, যে-সব বীর মুক্তিযোদ্ধা ভারতীয় আধিপত্যবাদের বিরোধিতা করেন, তারা দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার স্বার্থে আলাদা শক্তি হিসেবে আত্মপ্রকাশ করেন এবং জামায়াতে ইসলামী সেই শক্তিকে সমর্থন দেয়। সুতরাং, `মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা পরিবারের লোক কেউ জামায়াতে ইসলামী করতে পারে না, কোনো শহিদ পরিবারের লোক জামায়াত করতেই পারে না, করলে এটা ডাবল অপরাধ।, ফজলুর রহমানের এহেন বক্তব্য মোটেই গ্রহণযোগ্য নয়, বরং মুক্তিযুদ্ধের চেতনার পরিপন্থি। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## একজন দুর্নীতিবাজ ও অপদার্থ এখনো রাষ্ট্রপতি : বিরোধীদলীয় চিফ হুইপ

জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, আমি রাষ্ট্রপতির বক্তব্য শুনিনি, পড়িওনি। তাকে বক্তব্য দেওয়ার সুযোগকে আমরা প্রত্যাখ্যান করেছিলাম। আমরা খুব স্পষ্টভাবে বলেছিলাম, রাষ্ট্রপতির অপসারণ ও গ্রেফতার করা প্রয়োজন। রাষ্ট্রপতির কোনো অধিকার নেই বঙ্গভবনে থাকার, এখানে এসে বক্তব্য দেওয়ার। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনীত ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় এ কথা বলেন নাহিদ ইসলাম। রাষ্ট্রপতির `কুকীর্তি, তুলে ধরার কথা জানিয়ে নাহিদ বলেন, তাকে তিনটি লক্ষ্য দিয়ে দুদকের কমিশনার করা হয়। এর এক নম্বর হচ্ছে, খালেদা জিয়া এবং তারেক রহমানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নিশ্চিত করা। দুই নম্বর হচ্ছে, পদ্মা সেতুর দুর্নীতির অভিযোগ থেকে আওয়ামী লীগকে ক্লিনশিট দেওয়া। তিন নম্বর হচ্ছে, ফখরুদ্দিন-মইনউদ্দিন সরকারের সময় শেখ হাসিনাসহ আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে হওয়া দুর্নীতির মামলা বাতিল করা। এমন একজন ব্যক্তিকে বিএনপি সরকার রাষ্ট্রপতি হিসেবে এখনো মেনে নিচ্ছে, তা নিয়েও প্রশ্ন তোলেন নাহিদ ইসলাম। তিনি বলেন, রাষ্ট্রপতি সাহাবুদ্দিন চুপ্পু এস আলমের হাতে ইসলামী ব্যাংককে তুলে দেওয়ার কারিগর। এস আলম দুই কোটি আমানতকারীকে পথে বসিয়েছিল। জুলাই গণহত্যার সময় তার (রাষ্ট্রপতি) ভূমিকা, ফ্যাসিবাদের সঙ্গে তার সংশ্লিষ্টতা সবকিছু আমরা জানি। কিন্তু আমাদের দুর্ভাগ্য, একজন দুর্নীতিবাজ, অপদার্থ, মিথ্যুক, গণহত্যার দোসর এখনো বাংলাদেশের রাষ্ট্রপতি। অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে রাষ্ট্রপতির কাছে শপথ নেওয়ার বিষয়টি নিয়ে ব্যাখ্যা দিয়েছেন নাহিদ ইসলাম। তিনি বলেন, তখনকার পরিস্থিতি ও বর্তমান সময় এক নয়। জুলাই গণ-অভ্যুত্থানের পর দেশের সামনে দুটি বিকল্প ছিল। একটি ছিল জাতীয় সরকার গঠন, আরেকটি ছিল ক্ষমতা সেনাবাহিনীর হাতে ছেড়ে দেওয়া। নাহিদ ইসলাম বলেন, জাতীয় সরকার গঠনের প্রস্তাব আমরা দিয়েছিলেন, তবে তা বিএনপি নাকচ করে দেয়। একইসঙ্গে সেনাবাহিনীর হাতে ক্ষমতা গেলে আজ যারা সরকারে আছেন, তারা সেখানে থাকতে পারতেন কি না, তা নিয়েও সন্দেহ রয়েছে। সাবেক এ উপদেষ্টা বলেন, দেশের স্থিতিশীলতার স্বার্থে তারা সে সময় সরকারে গিয়েছিলেন। এখন নির্বাচিত সরকার। চাইলে বিএনপি রাষ্ট্রপতি পরিবর্তন করতে পারে। বিএনপিতে সে ধরনের যোগ্য ও আস্থাভাজন লোক রয়েছে। গাধাকে দিয়ে হাল চাষ করিয়ে কোনো `বাহাদুরি নেই,, এটা সরকারের দেউলিয়াত্ব। তিনি বলেন, আর্থিক খাত নিয়ে মাননীয় অর্থমন্ত্রী একবাক্যে বারবার বলেন, বিএনপির সময়ে আর্থিক খাতে বিশৃঙ্খলার কোনো রেকর্ড নেই। উনি কিছুক্ষণ আগে অস্বীকার করেছেন যে, বাংলাদেশ ব্যাংকের গভর্নর একটা রাজনৈতিক নিয়োগ, তাদের দলের নির্বাচন কমিটির সদস্য। তিনি অস্বীকার করলেন। টিআইবির প্রতিবেদন উল্লেখ করে নাহিদ বলেন, নির্বাচনে প্রার্থী হওয়া সরকারদলীয় প্রার্থীদের মধ্যে ৫৯ দশমিক ৪১ শতাংশের ঋণ রয়েছে। সংসদে সদস্যদের ১১ হাজার কোটি টাকার ঋণ রয়েছে, যার অধিকাংশই সরকারি দলের। যাদের অধিকাংশই ঋণখেলাপি ছিলেন, নির্বাচনের আগে কিছু টাকা দিয়ে ঋণ পুনঃতফশিল করে নিয়েছেন। নাহিদ বলেন, বর্তমান বাংলাদেশ ব্যাংকের গভর্নরের বিশেষত্ব হচ্ছে ঋণ পুনঃতফশিল করা। এটাতে তিনি অভিজ্ঞ, ফলে তাকে বাংলাদেশ ব্যাংকের গভর্নর কেন করা হয়েছে তা পরিষ্কার। হাজার হাজার কোটি টাকা ঋণ যাতে তিনি পুনঃতফশিল করতে পারেন, সেই সুযোগ-সুবিধা করে দেওয়ার জন্যই দেশের ইতিহাসে প্রথমবারের মতো একজন ব্যবসায়ীকে বাংলাদেশ ব্যাংকের গভর্নর করা হয়েছে। ফলে আর্থিক খাতের আরও নিয়োগ তারা কী বিবেচনায় দেবেন, তাদের ওপর আর আস্থা রাখতে পারছি না।

'৭২-এর সংবিধানকে '৭১-এর সঙ্গে বিএনপি কোন বিবেচনায় মেলাচ্ছে, তা নিয়ে প্রশ্ন তোলেন নাহিদ ইসলাম। তিনি বলেন, বাহাত্তরের সংবিধানকে একাত্তরের সঙ্গে মিলিয়েছিল তো আওয়ামী লীগ। আমরা এর বিরোধিতা করেছি, বিএনপির বহু নেতাও বিরোধিতা করেছিল। মওলানা ভাসানী, বদরুদ্দিন উমরসহ আরও অনেকে বিরোধিতা করেছিলেন। নাহিদ প্রশ্ন তোলেন, শুধু জামায়াত ৭২-এর সংবিধানের বিরোধিতা করেছিল বলেই কী বিএনপি আওয়ামী লীগের অবস্থানে চলে গেছে? '৭২-এর সংবিধানের সমালোচনা করে নাহিদ ইসলাম বলেন, '৭২-এর সংবিধান স্বাধীন বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিরা রচনা করেননি। '৭২-এর  সংবিধান রচনা করেছিল ৭০-এর নির্বাচনে আইয়ুব খানের এলএফওয়ের অধীনে যারা নির্বাচিত হয়েছিল, যা হয়েছিল পাকিস্তানের শাসনতন্ত্র রচনা করার জন্য। তখন থেকেই সংবিধানের সমালোচনা শুরু হয়েছিল। নাহিদ বলেন, বাহাত্তরের সংবিধান উত্তরাধিকার সূত্রে অগণতান্ত্রিক। সে সময় শেখ মুজিবকে সামনে রেখে এ সংবিধান তৈরি করা হয়েছিল। স্বৈরতন্ত্রের বীজ বাংলাদেশে বাহাত্তরের সংবিধানে বপন করা হয়েছিল। এ সংবিধান মুজিববাদী আদর্শে রচিত। '৭১-এর সংবিধানের বিরুদ্ধে জিয়াউর রহমান বিদ্রোহ করেছিলেন বলেও দাবি করেন তিনি। নাহিদ বলেন, সিপাহি জনতার বিপ্লবের মাধ্যমে ,৭২-এর সংবিধান বাতিলের সুযোগ এসেছিল। সেই সুযোগ আমরা মিস করেছি। সম্মান রেখেই বলছি, জিয়াউর রহমান সে ঐতিহাসিক ভুলটি করেছিলেন। '২৪ ও সুযোগ এসেছিল। এখনো সুযোগ মিস করে যাচ্ছি। এ বিষয়ে বিএনপি তাদের অবস্থান থেকে সরে যাচ্ছে দাবি করে নাহিদ বলেন, তারা তাদের অবস্থান থেকে সরে গেলে, আমরাও আমাদের পূর্বের জায়গায় ফেরত গিয়ে সংবিধান পুনর্লিখনের দাবি জানাতে হবে। বিএনপি যদি '৭২-এর পক্ষে অটল থাকে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## পদত্যাগ না করেই নির্বাচনের ঘোষণা দিলেন তামিম ইকবাল

গত দুইদিনের সবচেয়ে আলোচিত খবর- তামিম ইকবাল বিসিবি থেকে পদত্যাগ করবেন। খবরটি এমনভাবে প্রকাশিত, উপস্থাপিত ও চাউর হয়েছে, যা দেখে ও শুনে মনে হচ্ছে বিসিবির আহ্বায়ক কমিটির প্রধান বা সভাপতি পদ থেকে শিগগির পদত্যাগ করবেন তামিম ইকবাল। তবে, জাগো নিউজ গতকালই তামিম ইকবালের খুব কাছের কয়েকটি সূত্রের সঙ্গে কথা বলে জেনেছে, তামিম পদত্যাগ করছেন না। এটা `গুজব, প্রোপাগান্ডা,। এ নিয়ে প্রতিবেদনও প্রকাশ হয় বুধবার রাতেই। এবার তামিম ইকবাল নিজেই নিশ্চিত করলেন, তিনি পদত্যাগ করছেন না। বিসিবির অ্যাডহক কমিটিতে এক মাসের মধ্যে নির্বাচন করার অঙ্গীকার ব্যক্ত করেন তিনি। বিসিবি সভাপতি নির্বাচিত হওয়ার পর প্রথম আনুষ্ঠানিক সংবাদ সম্মেলনে তামিম বলেন, "আগামী ৩ মে বোর্ড মিটিং। সেখানে বিসিবির নির্বাচন নিয়ে আলোচনা করব। সাধারণত বিসিবির নির্বাচন নিয়ে আনুষ্ঠানিক আলোচনা শুরু হলে এক মাসের মধ্যে নির্বাচনের তারিখ ঠিক হয়ে যায়। আশা করি, আমরাও ৩ মে থেকে এক মাসের মধ্যে নির্বাচন করব। নির্বাচনের যে তারিখ বেঁধে দেওয়া আছে, তার কমপক্ষে ১৫ দিন আগে নির্বাচন করব। আর আমি পদত্যাগ করছি না। এমন কোনো চিন্তাও আমার মাথায় নেই।„ ক্রিকেটপাড়া ও ক্রিকেটভক্তদের মধ্যে একটি ধারণা আছে যে, বিসিবির আহ্বায়ক কমিটির সদস্য থেকে বিসিবি পরিচালনা পর্ষদের নির্বাচন করা যাবে না। তাই আগে আহ্বায়ক কমিটি থেকে পদত্যাগ করতে হবে। তবে জাগো নিউজ সংশ্লিষ্ট সূত্রে খোঁজ নিয়ে নিশ্চিত হয়েছে যে, বিসিবির গঠনতন্ত্র এবং জাতীয় ক্রীড়া পরিষদের গঠনতন্ত্রের কোথাও এমন কথা লেখা নেই যে আহ্বায়ক কমিটিতে থেকে বিসিবি পরিচালনা পর্ষদে নির্বাচন করা যাবে না। অবশেষে তামিম ইকবাল নিজেই খোলাসা করলেন, পদত্যাগ না করেই বিসিবির নির্বাচন দেবেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## আরও এক লাখ টন ডিজেল কিনছে সরকার

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের পরিপ্রেক্ষিতে উদ্ভূত অস্থিতিশীল ভূরাজনৈতিক প্রেক্ষাপটে দেশে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য এক লাখ টন ডিজেল আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এই ডিজেল আমদানিতে ব্যয় হবে ১ হাজার ৭৫৭ কোটি ৯৪ লাখ ২০ হাজার টাকা। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই ডিজেল আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। জাতীয় সংসদ ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শেষে অর্থ মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে, ইরান এবং মার্কিন যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধের পরিপ্রেক্ষিতে উদ্ভূত অস্থিতিশীল ভূরাজনৈতিক প্রেক্ষাপটে দেশে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য মাজেদা অয়েল কোম্পানি লিমিটেড থেকে সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে এক লাখ টন ইএন৫৯০-১০ পিপিএম ডিজেল আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## প্রার্থিতা ফিরে পেতে এবার হাইকোর্টে এনসিপির মনিরা শারমিন

প্রার্থিতা বাতিল করে নির্বাচন কমিশনের (ইসি) সিদ্ধান্তের বিরুদ্ধে রিট আবেদন দায়ের করেছেন সংসদের সংরক্ষিত নারী আসনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিন। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই আবেদন করেন তিনি। রিট আবেদন দায়ের করতে এদিন দুপুরে হাইকোর্টে আসেন মনিরা শারমিন। এর আগে গত ২৩ এপ্রিল রিটার্নিং কর্মকর্তা মনিরা শারমিনের মনোনয়নপত্র বাতিল করেন। কারণ হিসেবে

বলা হয়, গণপ্রতিনিধিত্ব আদেশ-১৯৭২ অনুযায়ী, সরকারি চাকরি থেকে পদত্যাগের তিন বছর পূর্ণ না হওয়ায় তিনি নির্বাচনে অংশগ্রহণের যোগ্য নন।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ রুবাইয়া)

## কেরানীগঞ্জে অটোরিকশাচালক হত্যায় ৫ জনের মৃত্যুদণ্ড

ঢাকার কেরানীগঞ্জে অটোরিকশাচালক মুকুল হোসেন ওরফে চকলেটকে গলা কেটে হত্যার ঘটনায় পাঁচজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে অভিযোগ প্রমাণিত না হওয়ায় মামলার পাঁচ আসামিকে বেকসুর খালাস দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) ঢাকার প্রথম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এ বি এম আশফাক-উল হক এ রায় ঘোষণা করেন। রায়ের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী মোর্শেদ আলম। রায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত প্রত্যেককে ১০ হাজার টাকা করে অর্থদণ্ডও করা হয়েছে। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন- মো. সোহেল ওরফে জুয়েল, মো. শাহিন হাওলাদার, মো. সুমন ওরফে আল-আমিন, মো. কবির এবং মো. ফেরদৌস ওরফে বারেক ওরফে ভাতিজা। রায় ঘোষণার সময় শাহিন ও ফেরদৌস আদালতে উপস্থিত ছিলেন। পরে তাদের সাজা পরোয়ানা মূলে কারাগারে পাঠানো হয়। অন্যদিকে, পলাতক তিন আসামি সোহেল, সুমন ও কবিরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। আইনি প্রক্রিয়া অনুযায়ী, হাইকোর্ট বিভাগের অনুমোদনের পর এই মৃত্যুদণ্ড কার্যকর হবে। এদিকে, অভিযোগ প্রমাণিত না হওয়ায় একই মামলায় মো. অলি আহমেদ, মো. শাহ জাহান মুন্সি, মো. কবির, মো. হাসান হাওলাদার এবং জাহাঙ্গীর আলমকে খালাস দিয়েছেন আদালত। রাষ্ট্রপক্ষ তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে ব্যর্থ হওয়ায় এ আদেশ দেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ রিহাব)

## ২ শতাধিক হকারকে ডিজিটাল পরিচয়পত্র দিলো ডিএনসিসি

রাজধানীর মিরপুর ১০, মিরপুর-১ এবং মিরপুর-২ এর মূল সড়কের ভ্রাম্যমাণ ২ শতাধিক হকারের (ভ্রাম্যমাণ ব্যবসায়ী) মধ্যে ডিজিটাল পরিচয়পত্র বিতরণ করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। এই পরিচয়পত্রের মাধ্যমে ভ্রাম্যমাণ ব্যবসায়ীদের বৈধতা দেওয়াসহ ব্যবসার জন্য বিকল্প স্থান নির্ধারণ করে দেওয়া হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ডিএনসিসির নগর ভবনে হকারদের ডিজিটাল পরিচয়পত্র প্রদান অনুষ্ঠানের উদ্‌বোধন করেন প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ আসাদুজ্জামান। উদ্‌বোধন অনুষ্ঠানে প্রশাসক বলেন, আমরা আগেই হকারদের সঙ্গে আলোচনা করে তাদের মতামত নিয়েছি। তারা নিজেরাও অবৈধভাবে ব্যবসা করতে চান না। সে অনুযায়ী, পুলিশ প্রশাসনের সহযোগিতায় একটি তালিকা প্রস্তুত করা হয়েছে। তালিকা ধরে পর্যায়ক্রমে হকারদের বিকল্প স্থানে স্থানান্তর করা হবে। আজ মোট ২০২ জন হকারের মধ্যে ডিজিটাল পরিচয়পত্র বিতরণ করা হয়েছে। এর মধ্যে ১০২ জনকে মিরপুর-১০ এলাকা থেকে মিরপুর-১৩ ওয়াসা রোডে এবং বাকি ১০০ জনকে গাবতলী কাচাঁ বাজার সংলগ্ন ফাঁকা স্থানে স্থানান্তর করা হচ্ছে। তালিকাভুক্ত মোট হকারের সংখ্যা ৮২৯ জন। বাকি হকারদেরও পর্যায়ক্রমে পরিচয়পত্র প্রদান করে নির্ধারিত স্থানে স্থানান্তর করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ রিহাব)

## হাম ও ডেঙ্গু মোকাবিলায় সরকারের যথেষ্ট সক্ষমতা রয়েছে : স্বাস্থ্যমন্ত্রী

হাম ও ডেঙ্গু মোকাবিলায় সরকারের যথেষ্ট সক্ষমতা আছে বলে জানিয়েছেন, স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) রাজধানীর আগারগাঁওয়ে ২৫০ শয্যা বিশিষ্ট বক্ষব্যাধি হাসপাতালে যুক্তরাষ্ট্র সরকার থেকে পাওয়া যক্ষ্মা পরীক্ষার কিট (জিনএক্সপার্ট কার্টিজ) এবং শিশুদের জন্য যক্ষ্মা প্রতিরোধী ঔষধ হস্তান্তর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এ সময় স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেনের হাতে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন ৬ লাখ 'জিন এক্সপার্ট কার্ট্রিজ, এবং শিশুদের জন্য ১১ হাজার কোর্সের যক্ষ্মার (টিবি) ঔষধ তুলে দেন। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বিগত সরকারের কার্যক্রম উল্লেখ করে বলেন, নির্ধারিত বাজেট থাকা সত্ত্বেও গত ১৭ বছরে স্বাস্থ্যখাতে যথাযথভাবে ব্যয় করা হয়নি। এর ফলে কিছু কৃত্রিম সংকট তৈরি হয়েছে। বর্তমান পরিস্থিতি নিয়ে আশ্বস্ত করে তিনি বলেন, হাম ও ডেঙ্গু মোকাবিলায় সরকারের যথেষ্ট সক্ষমতা রয়েছে। ভ্যাকসিনসহ মানবসম্পদে কোনো কিছুরই সংকট নেই। আগামী কয়েক সপ্তাহের মধ্যে ৬ মাস থেকে ৫৯ মাস বয়সি শতভাগ শিশু টিকার আওতায় আসবে। শরীরে অ্যান্টিবডি তৈরি হতে একটু সময় লাগে। কাজেই শিগ্‌গির হাম পরিস্থিতি নিয়ন্ত্রণে আসবে বলে আশা করি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ রিহাব)

## আইজিপির সঙ্গে ইউনেস্কো প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে ইউনেস্কোর একটি প্রতিনিধিদল। তিন সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন ইউনেস্কোর কান্ট্রি রিপ্রেজেনটেটিভ সুসান ভাইজ। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) পুলিশ হেডকোয়ার্টার্সে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় সুসান ভাইজ আইজিপিকে অভিনন্দন জানান। তিনি বাংলাদেশ পুলিশের সংস্কার, মতপ্রকাশের স্বাধীনতা অক্ষুণ্ণ রাখা, কমিউনিটি

পুলিশিং, মানবাধিকার এবং সাইবার নিরাপত্তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন। এছাড়া, বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধি এবং পুলিশ ও মিডিয়ার মধ্যে সম্পর্ক উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে আগ্রহ প্রকাশ করেন তিনি। এ সময় বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধিতে ইউনেস্কোর আগ্রহকে স্বাগত জানান আইজিপি। তিনি বাংলাদেশ পুলিশ এবং ইউনেস্কোর মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। এ সময় পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ রিহাব)

## ২৮০ কোটি টাকা লেনদেনের অভিযোগ; নিজাম হাজারীর আয়কর নথি জব্দের আদেশ

ফেনী-২ আসনের সাবেক সংসদ সদস্য মো. নিজাম উদ্দিন হাজারীর বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জন ও শত কোটি টাকার লেনদেনের অভিযোগের মামলায় তার আয়কর নথি জব্দের নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) ভারপ্রাপ্ত ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ মো. আলমগীর এ আদেশ দেন। আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। মামলার অভিযোগে বলা হয়, নিজাম হাজারী ১৮ কোটি ৭২ লাখ ৮৪ হাজার ৭২৮ টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন করেছেন। একই সঙ্গে তার নামে থাকা ৮২টি ব্যাংক হিসাবে প্রায় ২৮০ কোটি ১৪ লাখ ১৭ হাজার ৯১৪ টাকার লেনদেনের তথ্য পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক), যা সন্দেহজনক হিসেবে তদন্তাধীন রয়েছে। তদন্তের স্বার্থে তার আয়কর রিটার্ন ও সংশ্লিষ্ট নথিপত্রের মূল কপি জব্দের আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা ও দুদকের সহকারী পরিচালক মোহাম্মদ শাহ জালাল। আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত চট্টগ্রামের উপ-কর কমিশনারকে (কর সার্কেল-৫৪) প্রয়োজনীয় নথিপত্র জব্দের নির্দেশ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## আমরা ধর্মকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার করতে চাই না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দল-মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের প্রতিটি মানুষ যাতে শান্তি ও নিরাপত্তার সঙ্গে বসবাস করতে পারে, এমন পরিবেশ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। তিনি বলেন, দেশের প্রতিটি নাগরিক যাতে স্বাধীনভাবে ধর্মীয় রীতি-নীতি পালন করতে পারে এবং নিজ নিজ অধিকার ভোগ করতে পারে, এমন একটি রাষ্ট্র ও সমাজ বিনির্মাণই আমাদের সরকারের প্রধান দায়িত্ব ও অঙ্গীকার। বৃহস্পতিবার সকালে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে শুভ বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ”ধর্ম যার যার, নিরাপত্তা পাওয়ার অধিকার সবার। বর্তমান সরকার ধর্ম নিয়ে রাজনীতি করতে চায় না।„ তিনি বলেন, ধর্মকে রাজনৈতিক স্বার্থে আমরা ব্যবহার করতে চাই না, অতীতেও তা করিনি। ধর্ম-বর্ণ নির্বিশেষে বাঙালি-অবাঙালি সবাই সব ক্ষেত্রে সমান অধিকার ভোগ করবে, এটাই বর্তমান সরকারের নীতি। তারেক রহমান বলেন, ”ধর্ম-বর্ণ নির্বিশেষে বিশ্বাসী-অবিশ্বাসী, প্রতিটি মানুষের জন্যই একটি নিরাপদ বাংলাদেশ বিনির্মাণের আকাঙ্ক্ষা নিয়েই মুক্তিযোদ্ধারা বাংলাদেশের স্বাধীনতা অর্জন করেছিলেন। মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান সবাই মিলে লাখো প্রাণের বিনিময়ে এ দেশটা আমরা স্বাধীন করেছিলাম। তাই, এই স্বাধীন বাংলাদেশ আপনার, আমার ও আমাদের সকলের।„ বর্তমান সরকারের একটি রাজনৈতিক দর্শন `বাংলাদেশি জাতীয়তাবাদ, উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে বারবার প্রমাণিত হয়েছে, একমাত্র বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনই দেশের সকল বর্ণ, ধর্মীয় সম্প্রদায় ও নৃগোষ্ঠীর নিবিড় সহাবস্থান নিশ্চিত করতে পারে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## শ্রমজীবী-কর্মজীবী মানুষই দেশের প্রধান অবলম্বন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, শ্রমজীবী-কর্মজীবী মানুষই যে-কোনো দেশের উন্নয়ন, সমৃদ্ধি আর অগ্রযাত্রার প্রধান অবলম্বন। শ্রমিকের নিরলস পরিশ্রমেই গড়ে ওঠে শিল্প, কৃষি, অবকাঠামো ও সমৃদ্ধ অর্থনীতি। শুক্রবার মহান মে দিবস। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস ২০২৬ উপলক্ষ্যে বৃহস্পতিবার এক বাণীতে তিনি এসব কথা বলেন। আন্তর্জাতিক শ্রমিক দিবসে এ বছরের প্রতিপাদ্য `সুস্থ শ্রমিক, কর্মঠ হাত, আসবে এবার নব প্রভাত,। এই প্রতিপাদ্যের অন্তর্নিহিত প্রেরণাকে ধারণ করেই বিশ্বের সব দেশের সঙ্গে বাংলাদেশেও পালিত হচ্ছে মহান মে দিবস। প্রধানমন্ত্রী বাণীতে বলেন, `মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০২৬ উপলক্ষ্যে বাংলাদেশসহ বিশ্বের সকল শ্রমজীবী-কর্মজীবী মানুষের প্রতি জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আজকের এই দিনে আমি দেশে-বিদেশে কর্মরত বাংলাদেশের সকল শ্রমজীবী-কর্মজীবী ভাই বোন যারা জীবন-জীবিকার জন্য, সর্বোপরি দেশের উন্নয়নের জন্য, কর্মে নিয়োজিত রয়েছেন তাদের প্রতি আন্তরিক শুভেচ্ছা জানাই।,
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ আসাদ)

## ২৩,৮৬৫টি রাজনৈতিক মামলা প্রত্যাহার করা হয়েছে : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান জানিয়েছেন, বিগত সরকারের আমলে সংঘটিত হত্যা, গুম ও নির্যাতনের ঘটনায় জুলাই গণ-অভ্যুত্থানের পর দেশের বিভিন্ন জেলার থানায় মোট ১ হাজার ৮৫৫টি মামলা দায়ের করা হয়েছে। তিনি বলেন, এসব মামলার মধ্যে ৭৯৯টি হত্যা মামলা এবং অন্যান্য ধারায় ১ হাজার ৫৬টি মামলা রুজু হয়েছে। আজ সংসদে কুড়িগ্রাম-১ আসনের বিরোধী দলের (জামায়াতে ইসলামী) সদস্য মো. আনোয়ারুল ইসলামের টেবিলে উত্থাপিত প্রশ্নের লিখিত জবাবে মন্ত্রী এসব কথা বলেন। মো. আসাদুজ্জামান জানান, ইতোমধ্যে ১৫৮টি মামলার তদন্ত সম্পন্ন হয়েছে। এর মধ্যে ৪৮টি হত্যা মামলা এবং ১১০টি অন্যান্য মামলায় আদালতে চার্জশিট দাখিল করা হয়েছে এবং এসব মামলার বিচার কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। তিনি বলেন, বাকি ১ হাজার ৬৯৭টি মামলার তদন্ত এখনও চলমান রয়েছে। বিপুলসংখ্যক মামলার তদন্ত একটি জটিল ও সময়সাপেক্ষ প্রক্রিয়া হলেও, দ্রুততম সময়ে তদন্ত প্রতিবেদন দাখিলের লক্ষ্যে পুলিশ বিভাগ কাজ করে যাচ্ছে। তিনি উল্লেখ করেন, প্রতিটি মামলায় যথাযথ সাক্ষ্য-প্রমাণ সংগ্রহ এবং আইনি প্রক্রিয়া অনুসরণ করে তদন্ত পরিচালিত হচ্ছে, যাতে বিচারপ্রক্রিয়ায় কোনো আইনি দুর্বলতা না থাকে।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## জামায়াতের অবস্থান স্পষ্ট করার আহ্বান তথ্যমন্ত্রীর

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বাংলাদেশি জাতীয়তাবাদ একটি বহুত্ববাদী ও বৈচিত্র্যময় রাজনীতির কথা বলে। এরপর তিনি জামায়াতে ইসলামীর সাম্প্রতিক রাজনৈতিক অবস্থান নিয়ে জনমনে সৃষ্ট অস্পষ্টতা নিরসনে দলটির কাছে ব্যাখ্যা দাবি করে প্রশ্ন তুলেছেন, তারা কি দেশের প্রচলিত সাংবিধানিক আইন মেনে শাসন ক্ষমতায় যেতে চায়, নাকি শরিয়াহ আইন প্রতিষ্ঠার প্রতিজ্ঞা নিয়ে রাজনীতি করছে? বৃহস্পতিবার সকালে জাতীয় প্রেসক্লাবের আব্দুস সালাম হলে সাবেক মন্ত্রী ও জাতীয় নেতা স্বর্গীয় সুনীল গুপ্তের ১৭তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সংসদে গতকালের আলোচনার সূত্র ধরে তথ্যমন্ত্রী বলেন, ”গতকালও পার্লামেন্টে আমাদের বিরোধী দল, বিশেষ করে জামায়াতে ইসলামী বাংলাদেশের প্রতিনিধিরা শরিয়াহ কায়েমের কথা বলেছেন। অথচ গত ১৪ জানুয়ারি জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে খ্রিষ্টান সম্প্রদায়ের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে জামায়াত আমির ডা. শফিকুর রহমান তাদের আশ্বস্ত করেছেন তারা ক্ষমতায় গেলে শরিয়াহ আইন বাস্তবায়ন করবেন না।„ মন্ত্রী গণমাধ্যমের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, ”আমি কোনো মন্তব্য করতে চাই না। আমি শুধু গণমাধ্যমের মাধ্যমে জানতে চাই, কোনটি তাদের প্রকৃত অবস্থান? তারা কি প্রচলিত সাংবিধানিক আইন মেনে চলার চেষ্টা করছেন নাকি শরিয়াহ আইন প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিয়ে সংসদীয় তৎপরতা চালাচ্ছেন? এ বিষয়ে তাদের স্পষ্ট অবস্থান জাতির সামনে তুলে ধরা প্রয়োজন।„(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## আইভীকে জামিন দিয়েছেন হাইকোর্ট

জুলাই হত্যাকাণ্ডের দুই মামলায় নারায়ণগঞ্জের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে জামিন দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) বিচারপতি কে এম জাহিদ সরোয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের হাইকোর্ট বেঞ্চ তাকে জামিন দেন। এদিকে, সেলিনা হায়াৎ আইভীর আরও ৫ মামলায় হাইকোর্টের দেওয়া জামিনের বিষয়ে আগামী রোববার আদেশ দেবেন প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ। এদিকে, সেলিনা হায়াৎ আইভীর আরও ৫ মামলায় হাইকোর্টের দেওয়া জামিনের বিষয়ে আগামী রোববার (৩ মে) আদেশ দেবেন প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ। এর আগে, ২০২৫ সালের ৯ মে ভোরের দিকে শহরের দেওভোগ এলাকায় অবস্থিত চুনকা কুটির থেকে আইভীকে গ্রেফতার করা হয়। এরপর বিভিন্ন মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়েছে। পরে হাইকোর্ট পাঁচ মামলায় তার জামিন দেন। এরপর আপিল বিভাগে তা স্থগিত হয়ে যায়। গত ১৮ নভেম্বর তাকে আরও পাঁচ মামলায় গ্রেফতার দেখানো হয়। ২৬ ফেব্রুয়ারি সেই সব মামলায় জামিন পান আইভী। পরে রাষ্ট্রপক্ষের আবেদনে সেগুলো স্থগিত হয়ে যায়।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## জাতীয় সংসদে পাস হয়েছে গুরুত্বপূর্ণ দুটি সংশোধনী বিল

পুঁজিবাজার ও বীমা খাতে শৃঙ্খলা ফেরাতে জাতীয় সংসদে পাস হয়েছে গুরুত্বপূর্ণ দুটি সংশোধনী বিল। `বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) বিল, ২০২৬, এবং `বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন) বিল, ২০২৬,-এখন আইনে পরিণত হওয়ার অপেক্ষায়। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) জাতীয় সংসদে কণ্ঠভোটে পাস হলো বহুল আলোচিত বিল দুটি। `বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) বিল, ২০২৬,-বিলটি উত্থাপন করে অর্থমন্ত্রী জানান, দেশের পুঁজিবাজারকে আধুনিকায়ন এবং বিনিয়োগকারীদের সুরক্ষা নিশ্চিত করতে এই সংশোধন অত্যন্ত জরুরি। এর আগে, বিলটির ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলীয় সদস্য রুমিন ফারহানা পুঁজিবাজার লুটেরাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানান। তিনি এবং বিরোধী দলের অন্যান্য সদস্যরা বিলটি জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব দিলেও, তা কণ্ঠভোটে নাকচ হয়ে যায়। একই অধিবেশনে পাস হয়েছে

`বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন) বিল, ২০২৬, । অর্থমন্ত্রী বিলটি পাসের প্রস্তাব করলে সংসদে উপস্থিত সদস্যদের অধিকাংশের `হ্যাঁ, ভোটে তা গৃহীত হয় ।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর সঙ্গে বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দের শুভেচ্ছা বিনিময়

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দ। আজ সকাল ১০টায় বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে এই শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ কথা জানান। তিনি আরো জানান, বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে তারা এ শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি ও বৌদ্ধ সম্প্রদায়ের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়। শুভেচ্ছা বিনিময়কালে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দীন আহমদ, ধর্মমন্ত্রী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী দিপেন দেওয়ান, প্রতিমন্ত্রী মীর হেলাল উদ্দিন, প্রধানমন্ত্রীর হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ও নৃ-গোষ্ঠী বিষয়ক বিশেষ সহকারী বিজন কান্তি সরকার, পার্বত্য জেলা বান্দরবানের সংসদ সদস্য সাচিং প্রু জেরী, পার্বত্য অঞ্চলের বিএনপি মনোনীত সংরক্ষিত নারী সংসদ সদস্য প্রার্থী মাধবী মারমা এবং ড. সুকোমল বড়ুয়া উপস্থিত ছিলেন। এ সময় প্রধানমন্ত্রীর হাতে বৌদ্ধ সম্প্রদায়ের পক্ষ থেকে একটি শুভেচ্ছা ক্রেস্ট ও বুদ্ধমূর্তির প্রতিবিম্ব তুলে দেওয়া হয় ।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর জন্য বাসভবন নির্মাণের নির্দেশনা চেয়ে রিট

প্রধানমন্ত্রীর জন্য একটি বাসভবন নির্মাণের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. ইলিয়াছ আলী মণ্ডল আজ (বৃহস্পতিবার, ৩০ এপ্রিল) সংশ্লিষ্ট শাখায় এ রিট দায়ের করেন। রিটে মন্ত্রিপরিষদ সচিব, গণপূর্ত মন্ত্রণালয় সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় সচিব, আইন মন্ত্রণালয় সচিব, জাতীয় সংসদ সচিবালয় সচিব এবং পুলিশের মহাপরিদর্শককে বিবাদী করা হয়েছে। রিট আবেদনে বলা হয়, ২০২৪ সালের জুলাই মাসে গণ-অভ্যুত্থানের পর গণভবনের আগের সরকারি বাসভবনটিকে একটি পাবলিক জাদুঘরে রূপান্তরিত করা হয়। পরে প্রধানমন্ত্রী এবং তার পরিবারের জন্য একটি নিরাপদ এবং উপযুক্ত সরকারি বাসভবন নির্ধারণ, নির্মাণ বা সংস্কারের কোনও দৃশ্যমান ও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। প্রধানমন্ত্রীর জন্য পর্যাপ্ত নিরাপত্তা, মর্যাদা এবং যথাযথ আবাসিক সুযোগ-সুবিধা নিশ্চিত করা `জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়, হিসেবে বর্ণনা করে রিটে বলা হয়, সরকারপ্রধান হিসেবে প্রধানমন্ত্রী একটি নিরাপদ এবং সরকারিভাবে নির্ধারিত বাসভবন পাওয়ার অধিকারী ।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৪.২০২৬ এলিনা)

## মোহাম্মদ তাহেরের `শিশু মুক্তিযোদ্ধা, দাবিকে স্বাগত জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী

জাতীয় সংসদে জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও কুমিল্লা-১১ আসনের সংসদ সদস্য ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহেরের `শিশু মুক্তিযোদ্ধা, দাবিকে স্বাগত জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। বৃহস্পতিবার রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”আমি আজকে নতুন করে আবিষ্কার করলাম, আমাদের মাননীয় সংসদ সদস্য আবদুল্লাহ মোহাম্মদ তাহের শিশু মুক্তিযোদ্ধা, তাকে আমি স্বাগতম জানাই। আমাদের সম্মানিত ব্যক্তি, আমি সবাইকে সম্মান প্রদর্শন করতে কসুর করি না- মাননীয় স্পিকার। আমাদের বিরোধীদলীয় নেতা নিজেকে শহিদ পরিবারের সন্তান দাবি করেন, সেটা আমার ভালো লাগল। কয়েকজন মুক্তিযোদ্ধা ওইপারে আছেন। আজকে ইতিহাসের একটা ফয়সালা করে দেওয়ার মতো একটা বিষয় আমি মনে রেখেছি। এটা নিয়ে আর কখনও বিতর্ক হওয়া ঠিক হবে না।„ এর আগে, বক্তব্যে তাহের বলেন, ”রাজাকার-আলবদরের বিষয়টি এখন ডেড ইস্যু। আমরা যারা এখানে আছি, কেউই রাজাকার বা আলবদর ছিলাম না।„ তিনি নিজেকে `শিশু মুক্তিযোদ্ধা, দাবি করে জানান, সীমান্তবর্তী এলাকায় যুদ্ধের সময় শরণার্থীদের সহায়তা করা এবং সেনাবাহিনীর টহল পর্যবেক্ষণের মতো কাজে যুক্ত ছিলেন। একই আলোচনায় স্বরাষ্ট্রমন্ত্রী রাষ্ট্রপতির ভূমিকাও তুলে ধরেন। তিনি বলেন, ২০২৪ সালের আগস্টে রাজনৈতিক অস্থিরতার সময় রাষ্ট্রপতি দেশের `অভিভাবক, হিসেবে দায়িত্ব পালন করেছেন। সে সময় প্রধানমন্ত্রী পদ শূন্য, সংসদ বিলুপ্ত এবং বিচার বিভাগের পরিবর্তনের মতো পরিস্থিতিতে রাষ্ট্রপতি সংবিধান অনুযায়ী পদক্ষেপ নেন, যা পরবর্তীতে অন্তর্বর্তী সরকার গঠনে সহায়ক হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশি ৭ জেলেকে ধরে নিয়ে গেছে `আরাকান আর্মি,

কক্সবাজারের টেকনাফ উপজেলার সাবরাং নয়াপাড়া ও শাহপরীর দ্বীপ সংলগ্ন নাফ নদী থেকে সাতজন জেলেকে ধরে নিয়ে গেছে মিয়ানমারের সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি। বৃহস্পতিবার দুপুরে নাফ নদীর মোহনায় মাছ শিকার শেষে ফেরার পথে দুটি ডিঙি নৌকাসহ তাদের ধরে নিয়ে যাওয়া হয় বলে স্থানীয় সূত্রে জানা গেছে। ধরে নিয়ে যাওয়া জেলেরা হলেন- সাবরাং নয়াপাড়ার আব্দুর রহমান, আবদুল মতলব, গুরা মিয়া, মো. হাসান এবং শাহপরীর দ্বীপ ডেইলপাড়ার আহমদ আলী, নুরুল আবছার ও আবদুর রহিম। সাবরাং ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ডের সদস্য আবুল ফয়েজ জানান, সকালে নাফ নদীতে মাছ ধরতে গিয়ে ফেরার পথে তাদের আটক করে নিয়ে যায় আরাকান আর্মির সদস্যরা।

এ বিষয়ে টেকনাফ ২ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল হানিফুর রহমান ভূঁইয়া জানান, জেলেদের ধরে নিয়ে যাওয়ার বিষয়টি শুনেছেন। বিস্তারিত তথ্য সংগ্রহে সংশ্লিষ্ট বিওপি কমান্ডারকে নির্দেশ দেওয়া হয়েছে এবং পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইমামুল হাফিজ বলেন, ঘটনার বিষয়ে আমরা অবগত রয়েছি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজঃ৩০.০৪.২০২৬ আসাদ)

## বিএনপির সময়ে শেয়ারবাজার লুটের সুযোগ ছিল না, এবারও থাকবে না : অর্থমন্ত্রী

বিএনপি সরকারের কোনো সময়ে শেয়ারবাজার লুটপাটের কোনো সুযোগ ছিল না, এবারও থাকবে না বলে আশ্বাস দিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, ”বিএনপি সরকারের সময় শেয়ার বাজার লুটপাটের কোনো সুযোগ ছিল না, ইনশাল্লাহ এবারও থাকবে না নিশ্চিতভাবে বলতে পারি।„ বৃহস্পতিবার সকালে ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে অর্থমন্ত্রী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ অধিকতর সংশোধনের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিল, ২০২৬ বিশেষ কমিটির সুপারিশ বিবেচনার প্রস্তাব দেন। তবে এই বিলের ওপর জনমত যাচাইয়ের প্রস্তাব দেন ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। শেয়ারবাজার লুটপাটে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনার দাবি জানিয়ে প্রস্তাবের পক্ষে বক্তব্যে তিনি বলেন, ”একটি দেশের অর্থনীতিকে টেকসই ও শক্তিশালী করতে যে কটি স্তম্ভ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, তার অন্যতম একটি হচ্ছে পুঁজিবাজার।„ তিনি বলেন, ”আজকের বিশ্বে যে-সব দেশের অর্থনীতি সমৃদ্ধ ও প্রতিযোগিতামূলক, তাদের শক্তির অন্যতম উৎস শেয়ারবাজার। কিন্তু দুর্ভাগ্যবশত, বাংলাদেশের শেয়ারবাজার ১৯৯৬ সালে একবার ও ২০১০ সালে একবার ভয়াবহ রকম পতনের শিকার হয়।„ অন্তর্বর্তী সরকারের আমলে প্রকাশিত শ্বেতপত্রের উল্লেখ করে তিনি বলেন, ”গত ১৫ বছরে শেয়ারবাজার থেকে লুট হয়েছে ১ লাখ কোটি টাকার উপরে। এই ১ লাখ কোটি টাকা, সাধারণ মানুষের টাকা। যে মানুষগুলো তাদের সমস্ত সঞ্চয়গুলো হয়তো শেয়ারবাজারে বিনিয়োগ করেন, সেই মানুষগুলোর টাকা। এগুলো লুটপাট করা হয়েছে একটি বিশেষ গোষ্ঠীর মাধ্যমে। বিশেষ কিছু ব্যবসায়ীর মাধ্যমে। যাদের কখনোই বিচারের আওতায় আনা হয় নাই।„ (রেডিও টুডে ওয়েব পেজঃ৩০.০৪.২০২৬ আসাদ)

# BBC

## ISRAEL INTERCEPTS GAZA FLOTILLA NEAR CRETE AND DETAINS 175 ACTIVISTS

Pro-Palestinian activists say at least 22 boats from a flotilla carrying aid for Gaza have been intercepted by Israeli forces in international waters near the Greek island of Crete. The organisers of the Global Sumud Flotilla (GSF) denounced the action as “piracy”, saying those on board had been seized unlawfully more than 965km (600 miles) from Gaza, which is under an Israeli naval blockade. The Israeli foreign ministry said about 175 activists from more than 20 boats had been detained and were being transported to Israel. It dismissed the flotilla as a “PR stunt”. The GSF’s tracking data showed most of the remaining 36 boats in the flotilla were close to Crete’s south coast. The flotilla set sail two weeks ago, with a total of 58 vessels joining from Spain, France and Italy, aiming to break Israel’s blockade of Gaza. On Thursday, the GSF said Israeli naval forces had “intercepted, boarded, and systematically disabled and destroyed various boats” in the flotilla during a “violent raid in international waters” west of Crete overnight. “Over 180 civilians from around the world have been directly attacked,” it added.(BBC Web page : 30.04.2026 Ali Ahmed)

## OIL PRICE HITS HIGHEST SINCE 2022 AFTER REPORT TRUMP TO BE BRIEFED ON NEW IRAN OPTIONS

Oil prices jumped to their highest since 2022 after a report that the US military is set to brief President Donald Trump on new plans for potential action in the Iran war. Brent crude rose by almost 7% to more than $126 (£94) a barrel at one point, before falling back. US Central Command has prepared a plan for a wave of “short and powerful” strikes on Iran to try to break the deadlock in negotiations with Tehran, news site Axios reported. The BBC has contacted US Central Command and the White House for comment. Energy prices have been rising this week as peace talks appear to have stalled, with the key Strait of Hormuz waterway still effectively closed. About 20% of the world’s oil and liquefied natural gas (LNG) usually passes through the strait and the conflict has sent global energy prices soaring. Crude oil is a key ingredient in petrol and diesel, and the jump in costs since the start of the Iran war has pushed up pump prices for motorists. In the UK, petrol currently costs an average of 157p a litre, according to motoring group RAC, which is 24p higher than before the start of the war. Diesel is at 188.5p a litre, up 46p compared with its pre-war price.
(BBC Web page : 30.04.2026 Ali Ahmed)

**POLICE SAY THEY BELIEVE ABDUCTED CHILD WAS MURDERED AS BODY FOUND IN OUTBACK**

Warning for Aboriginal and Torres Strait Islander readers: this article contains references to someone who has died. Police believe they have found the body of a five-year-old girl allegedly abducted from her Outback home, as a search for her suspected murderer continues. The girl, who is identified only as Kumanjayi Little Baby for cultural reasons, was last seen on Saturday when she was put to bed at an Aboriginal town camp near Alice Springs just before midnight. Northern Territory Police say the body of a child was located on Thursday, and forensic testing to confirm the young girl's identity and cause of death is underway. They have been combing nearby bush and desert for Jefferson Lewis, who was released from prison six days before Kumanjayi Little Baby disappeared and vanished around the same time. “We believed he has murdered this child,” investigation lead Peter Malley told reporters. “I say to Jefferson Lewis: we're coming for you.”

(BBC Web page : 30.04.2026 Ali Ahmed)

**MAMDANI SAYS HE WOULD ASK KING CHARLES TO RETURN KOH-I-NOOR**

New York City Mayor Zohran Mamdani has called for the return of the priceless Koh-i-Noor diamond from the UK, just hours before meeting King Charles. The 105-carat diamond is part of the Crown Jewels but its ownership has been disputed by India, who claims that it was stolen during British rule. “If I were to speak to the King separately from [the purpose of the event], I would probably encourage him to return the Koh-i-Noor diamond,” Mamdani, who has Indian roots, said at a press conference hours before he was set to meet King Charles at a ceremony honouring victims of the 9/11 attacks. King Charles and his wife, Queen Camilla, are on a four-day visit to the US which began on Monday.

(BBC Web page : 30.04.2026 Ali Ahmed)

**SINGAPORE COURT FINES WOMEN FOR PRO-PALESTINIAN WALK**

A court in Singapore has fined three women who organised a walk to show support for the Palestian cause, reversing an earlier acquittal. The three women were acquitted last October of organising an illegal procession in 2024, which saw dozens walk towards the presidential office in support of Palestinians amid Israel's war in Gaza. But the High Court overturned that decision on Thursday following an appeal by the prosecution, handing down a fine of S$3,000 ($2,300; £1,700) each. Public demonstrations are rare in Singapore, which has tight restrictions on protests, and authorities have effectively banned public gatherings related to the Israel-Gaza war. In February 2024, the three activists – Mossammad Sobikun Nahar, Siti Amirah Mohamed Asrori and Kokila Annamalai – had led around 70 people to walk from a shopping mall to the presidential compound next door, to deliver letters to the prime minister urging him to cut ties with Israel.(BBC Web page : 30.04.2026 Ali Ahmed)

**CHINA TO BAN DRONE SALES IN BEIJING CITING SECURITY CONCERNS**

China will ban the sale of drones in Beijing and require permits to fly them under new rules that take effect on Friday. Drones and key components will be prohibited from being sold, rented or brought into the Chinese capital. Drone owners will also be required to register their devices with the police. China has gradually tightened regulations on drones in recent years, with authorities citing public safety concerns. Drones and flying taxis are part of the so-called low-altitude economy, a strategic priority for China that is expected to generate more than two trillion yuan ($290bn; £217bn) by 2035. In some Chinese cities, drones are a common sight, used for food delivery, agriculture and cleaning buildings. Chinese companies may dominate the global drone market, but the country is becoming one of the most difficult places to fly one. Drones must be registered before they can be brought in and out of Beijing. And if users send their drones out of the city for repair, they need to pick up the device in person rather than have it delivered.(BBC Web page : 30.04.2026 Ali Ahmed)

## :: THE END ::